দাম : ৫ টাকা

# কর্মসংস্থান

https://www.facebook.com/karmasangsthaan

Vol. 38 ■ Issue No. 5 ■ 1st February 2025 ■ Saturday ■ Kolkata ■ R.N.I. 44167/88

Basanti Devi Educational Services

আপনি কি চাকরি পাচ্ছেন না ?

চিন্তা করবেন না আমরা ওপেন স্কুলিং এর দ্বারা সুযোগ করে দিচ্ছি

10th/12th & Graduation সার্টিফিকেট না থাকার জন্য

Board- NIOS / BOSSE / TAMIL NADU BOARD / NWAC

Ministry of Education & COBSE দ্বারা অনুমোদিত

For Graduation Distance Study Program All Type of Degree Certificate we are provided

AIU / SSU / NEFTU

We are here to help you

+91 9831169860

Contact us

দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। চলবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। শূন্যপদ — পূর্ব রেলে : ১,৮১৭, দক্ষিণ-পূর্ব রেলে ১,০৪৪, পূর্ব-উপকূল রেলে ৯৬৪, উত্তর রেলে : ৪,৭৮৫, উত্তর-পূর্ব সীমান্ত রেলে ২,০৪৮।

# রেলে ৩২,৪৩৮ গ্রুপ 'ডি' পদে দরখাস্ত নেওয়া শুরু

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচী, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি), অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট ব্রিজ, অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন, অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল), অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল), অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে, অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ), অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি., অ্যাসিস্ট্যান্ট ট্র্যাক মেশিন, অ্যাসিস্ট্যান্ট টি আর ডি, পয়েন্টসম্যান বি ও ট্রাকমেন্টেনার-IV পদে ৩২,৪৩৮ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এন.সি.ভি.টি. বা, এস.সি.ভি.টি.'র স্বীকৃত প্রতিষ্ঠান থেকে যে কোনো ট্রেডে আই.টি.আই. কোর্স পাশ হলে কিংবা এন.সি.ভি.টি.'র অনুমোদিত ন্যাশনাল অ্যাপ্রেন্টিসশিপ সার্টিফিকেট (এন.এ.সি.) কোর্স পাশ হলেও যোগ্য। ওপরের সব পদের বেলায় বয়স হতে হবে ১-১-২০২৫'এর হিসাবে ১৮ থেকে ৩৬ বছরের মধ্যে, অর্থাৎ জন্ম-তারিখ হতে হবে সাধারণদের বেলায় ২-১-১৯৮৯ থেকে ১-১-২০০৭'এর মধ্যে, ও.বি.সি.'দের বেলায় ২-১-১৯৮৬ থেকে ১-১-২০০৭'এর মধ্যে, তপশিলীদের বেলায় ২-১-১৯৮৪ থেকে ১-১-২০০৭'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি'রা ৩ বছর, বিধবা, বিবাহ-বিচ্ছিন্না মহিলারা পুনর্বিবাহ না করলে, অ্যাক্ট অ্যাপ্রেন্টিসরা আর রেলের কর্মী ও প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি দরকার A2, A3, B1, C1. মূল মাইনে : ১৮,০০০ টাকা। এই পদের বিজ্ঞপ্তি নং CEN No. 08/2024.

☞ এরপর ৯ পাতায়

LL.B (3 Yrs)
Direct Admission
যোগ্যতা : যেকোন বয়সে এবং যেকোন University-র গ্র্যাজুয়েট ও 45% নম্বর, SC/ST - 40%
LL.B (5 Yrs), LL.M
'ল' পয়েন্ট
9830132343, 6290760935
১৭, রাজা রামমোহন রায় সরণী, আমহার্স্ট স্ট্রিট, কলকাতা-৭০০০০৯

ICE Academy
WBCS 2024 কোর্স
SSC, Bank, Railway
WBPSC Misc & Clerk
ক্লাসরুম ও হাইব্রিড ব্যাচ
কোলকাতা কেন্দ্র : ভর্তি চলছে
9804412898
7044517509

## সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্সে (CISF)

# ১,১২৪ কনস্টেবল, ড্রাইভার ও অপারেটর

**মাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের স্বরাষ্ট্র মন্ত্রকের অধীন সেন্ট্রাল ইন্ডাস্ট্রিয়াল সিকিউরিটি ফোর্স 'ড্রাইভার / কনস্টেবল (ড্রাইভার)' ও 'ড্রাইভার-কাম-পাম্প অপারেটর/কনস্টেবল (ডি.সি.পি.ও.)' পদে ১,১২৪ জন ছেলে নিচ্ছে।

**শিক্ষাগত যোগ্যতা :** মাধ্যমিক পাশ ছেলেরা ভারি মোটর ভেহিক্যাল বা, ট্রান্সপোর্ট ভেহিক্যাল, হাল্কা মোটর ভেহিক্যাল ও মোটর সাইকেল (গিয়ার-সহ) চালানোর বৈধ লাইসেন্স থাকলে ওই দুই পদের জন্যই 'ডাইরেক্ট' প্রার্থী হিসাবে আবেদন করতে পারেন। হাল্কা ও ভারী গাড়ি চালানোর কাজে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। অভিজ্ঞতা হিসাব করা হবে হাল্কা গাড়ি চালানোর বৈধ লাইসেন্স পাওয়ার তারিখ থেকে।

**বয়স :** বয়স হতে হবে ৪-৩-২০২৫'র

☞ এরপর ১২ পাতায়

## UPSC'র সিভিল সার্ভিস পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রের সেরা পদে ৯৭৯ চাকরি

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** কেন্দ্রীয় ও রাজ্য সরকারের সেরা সেরা পদে চাকরির জন্য ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের '২০২৫ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষা'র মাধ্যমে ৯৭৯ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে।

যে কোনো শাখার পাস বা, অনার্স গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। যাঁরা ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন, তাঁরাও আবেদনের যোগ্য। কিন্তু 'মেন' পরীক্ষার দরখাস্ত করার সময় পাশের

☞ এরপর ৪ পাতায়

# কোস্ট গার্ডে ৩০০ নাবিক

**নিজস্ব প্রতিনিধি, নয়াদিল্লি :** ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (ইন্ডিয়ান কোস্ট গার্ড) 'নাবিক ডোমেস্টিক ব্রাঞ্চ', 'নাবিক (জেনারেল ডিউটি)' পদে ৩০০ জন লোক নিচ্ছে। এই পদের ব্যাচ নং : 02/2025. কারা কোন পদের জন্য যোগ্য :

**নাবিক (জেনারেল ডিউটি) :** অঙ্ক ও ফিজিক্স বিষয় নিয়ে সায়েন্স শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০৩ থেকে ৩১-৮-২০০৭'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। দৃষ্টিশক্তি হতে হবে চশমা ছাড়া ভালো চোখে ৬/৬ও খারাপ চোখে ৬/৯। চশমা থাকলে যোগ্য নন। বেসিক পে : ২১,৭০০ টাকা।

☞ এরপর ৩ পাতায়

# ইন্ডিয়ান অয়েলে ৬৯৬ অ্যাপ্রেন্টিস

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন লিমিটেডের মার্কেটিং ডিভিশন পশ্চিমবঙ্গ, বিহার, ওড়িশা, ঝাড়খন্ড, অসম, সিকিম, ত্রিপুরা, নাগাল্যান্ড, মিজোরাম, মেঘালয়, মণিপুর, অরুণাচলপ্রদেশ, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, মহারাষ্ট্র, গুজরাত, মধ্য প্রদেশ, গোয়া, ছত্তিশগড়, ইউ.টি. অফ দাদরা অ্যান্ড নগর হাভেলি, ইউ.টি. অফ দমন অ্যান্ড দিউ অফিসে 'ট্রেড অ্যাপ্রেন্টিস', 'টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস', 'ট্রেড অ্যাপ্রেন্টিস (রিটেল সেলস অ্যাসোসিয়েট /ডাটা এন্ট্রি অপারেটর)' ও 'গ্র্যাজুয়েট অ্যাপ্রেন্টিস' হিসাবে ৬৯৬ জন ছেলেমেয়ে নিচ্ছে।

**কারা কোন ট্রেডের জন্য যোগ্য :**

**টেকনিশিয়ান অ্যাপ্রেন্টিস, ডিসিপ্লিন -মেকানিক্যাল :** মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিংয়ের ৩ বছরের ডিপ্লোমা কোর্স পাশরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে যোগ্য। ১২ মাসের ট্রেনিং।

☞ এরপর ১২ পাতায়

# ১৭০ নার্সিং অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** ব্রডকাস্ট ইঞ্জিনিয়ারিং কন্সালট্যান্টস ইন্ডিয়া লিমিটেড এইমস দিল্লিতে কাজের জন্য 'নার্সিং অফিসার' পদে ১৭০ জন তরুণী নিচ্ছে।

বি.এসসি. নার্সিং বা, বি.এসসি.

☞ এরপর ৩ পাতায়

**ভেতরের পাতায়**
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
পোল্ট্রি ফার্মের ব্যবসা কীভাবে শুরু করবেন




# কলকাতায় ডিজিটাল মার্কেটিংয়ে ২২ হাজার চাকরি

## শুরুতেই মাইনে মাসে ১৫ থেকে ২৫ হাজার টাকা

**উচ্চমাধ্যমিক ছেলেমেয়ের জন্য**

**সৈকত হালদার, সল্টলেক :** সম্প্রতি বিখ্যাত আইটি প্রযুক্তি সংস্থা Infosys এর সিইও সলিল পারেখ ঘোষণা করেছেন, তাঁর সংস্থায় গত ৩ মাসে ১২,২৯২ জনের নিয়োগ হয়েছে। তার মধ্যে প্রায় ৩,০০০ নিয়োগ হয়েছে শুধুমাত্র ডিজিটাল মার্কেটিংয়ে। এই পরিসংখ্যান থেকেই খুব স্পষ্ট যে, আইটি সেক্টরের অন্যতম গুরুত্বপূর্ণ বিভাগ হল ডিজিটাল মার্কেটিং। আইটি অ্যান্ড সফটওয়্যার সেক্টরে এমন কোনো কোম্পানি নেই, যাদের ডিজিটাল মার্কেটিংয়ে লোক লাগে না। প্রতি মাসে গড়ে সারা দেশ জুড়ে ৫,০০০ থেকে ৬,০০০ নিয়োগ হয় এই ডিপার্টমেন্টে।

☞ এরপর ৫ পাতায়

## UPSC'র ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে

# কেন্দ্রীয় সরকারে ১৫০ ফরেস্ট অফিসার

**নিজস্ব প্রতিনিধি, নয়া দিল্লি :** কেন্দ্রীয় ও রাজ্য সরকারের ফরেস্ট বিভাগে সেরা চাকরির জন্য 'ফরেস্ট অফিসার' পদে ১৫০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। নেওয়া হবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশনের ২০২৫ সালের ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস পরীক্ষার মাধ্যমে।

বটানি, কেমিস্ট্রি, জিওলজি, অঙ্ক, ফিজিক্স, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, স্ট্যাটিস্টিক্স ও জুলজি বিষয়ের মধ্যে যে কোনো একটি বিষয় নিয়ে ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। ফরেস্ট্রি, অ্যাগ্রিকালচারাল বা, ইঞ্জিনিয়ারিংয়ের গ্র্যাজুয়েট ছেলেমেয়েরাও আবেদন করতে পারেন। ওইসব বিষয় নিয়ে এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল

☞ এরপর ২ পাতায়

**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা
প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা ৭০০০১৯
হেল্পলাইন
✆ : ৬২৯১৬৮৪৯৪৩
কাগজ না পেলে এই নম্বরে জানান
✆ : ৯৮৩০৬২৪১৭০
ই-মেল
karmsang@gmail.com

## স্কুল-কলেজ-শিক্ষা

### বর্ধমান কলেজ অফ ডিস্ট্যান্স এডুকেশন

UGC & BCI Recognised Private University থেকে খুব সহজে LL.B পাশ করে জীবনে Lawyer হিসাবে প্রতিষ্ঠা লাভ করুন। এছাড়াও ভর্তি চলছে : BA, MA, B.Com, M.Com, B.Sc, M.Sc, BBA, MBA, LLM, B.Lib, M.Lib, BSW, MSW, D.Pharm, B.Ed, D.El.Ed, B.Pharm, B.Tech, M.Tech, GNM, BCA, MCA, Ph.D. ১০০% পাশের গ্যারান্টি-সহ ডিগ্রি কোর্সগুলিতে ভর্তি করানো হয়। M-9883306657, 8145441235

R

ফেল/কম্পার্ট? Save Year! Pass গ্যারান্টি X, XII- 3 মাসে, B.Com / M.A/ Ph.D / LLB / Pharmacy- 6 মাসে। 9163399940

MS

## স্কুল-কলেজ-শিক্ষা

### অভাবনীয় সাফল্য

PSC, SSC, Rail, Advance Combined, Bank, POLICE WBJEEB ANM/GNM পড়ানো হয়-7596966201, 6290727713

MS

ফিজিওথেরাপি, অপ্টোমেট্রি, ECG, প্যাথোলজি (DMLT), X-Ray, নার্সিং, Diet কোর্সে ভর্তি চলছে। CBMC, 32 সূর্য সেন স্ট্রীট, কলি-9, 7980637213

CM

Regular/Distance/Online Mode-এ আপনার মূল্যবান ডিগ্রি অর্জন করুন এবং কর্মক্ষেত্রে সুবিধা নিন — ভর্তি চলছে UGC স্বীকৃত বিশ্ববিদ্যালয়ে B.A, M.A, M.Sc, LLB, B.Ed, M.Ed, M.M.A, P.Hd – Bright Future, আরামবাগ, বর্ধমান, কোলকাতা-8373010007

S

### CMS & ED এলোপ্যাথি কোর্স

UGC approved University স্বীকৃত Diploma CMS & ED (অ্যালোপ্যাথি) কোর্সে ভর্তি চলছে। 6 মাস হসপিটাল ইন্টার্ণশিপ। CAREER ACADEMY OF MEDICAL SCIENCE, (29 বছরের পুরনো বিশ্বস্ত প্যারামেডিকেল ইনস্টিটিউট) গড়িয়া স্টেশন রোড, ছোট বটতলা, কোল-84, 45B বাসস্ট্যান্ডের পাশে। 7980054389, 7439213900

D

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## কর্মখালি

### শূন্যপদ

প্রিস নার্সিংহোমে ছেলে-মেয়ে লাগবে মার্কেটিং ও কম্পিউটারের জন্য। শূন্যপদ ৪টি। ঠিকানা : গ্রামশালিকা, বড়এঞা, মুর্শিদাবাদ-৭৪৩২৩২। যোগাযোগ: 8001903066, WP : 7797139943.

SH(A)

দুর্গাপুর ইস্পাত কারখানা / কোলিয়ারী / এয়ারপোর্টে টেকনিশিয়ান / হেল্পার / অফিস স্টাফ চাই। M: 7001092049

SH

অভিজ্ঞ Gas Cutter, Welder Man চাই। যোগ্যতা অনুযায়ী Salary. Barrackpore Factory-তে থাকার ব্যবস্থা আছে। M: 9433050907, 9875461466

SH

বারাসাতে প্রাইভেট সংস্থায় কাজের জন্য ন্যূনতম উচ্চ মাধ্যমিক কম্পিউটার জানা ছেলে চাই। সেলারি প্লাস ইনসেন্টিভ +91 9144144019

SA

## কর্মখালি

Reqd Fresh Graduate / Fresh Diploma Civil Engineer at Kolkata/ Ghatak Pukur. M : 9903285004

SH(A)

### আর্জেন্ট ভ্যাকান্সি

Pvt. ব্যাঙ্ক DSA-তে স্থায়ী জব। নো ডোনেশন, 5 দিনে জয়েনিং, M/F চাই। বেতন : 16,700/-–42,900/- PF, ESI. Mob : 8942898611

SA

কলকাতা মেট্রোতে কন্ট্রাক্টরের অধীনে আর্জেন্ট জব ভ্যাকেন্সি। কোন পরীক্ষা ছাড়াই নিয়োগ। মোট আসন-2786, স্যালারি - 30K to 94K. Age - 18+ -55 M/F নিয়োগ। থাকা খাওয়া ফ্রী পুরো PF, ESI, বোনাস সুবিধা অষ্টম - স্নাতক। M : 8327250660

SA

**কর্মসংস্থান**
বিজ্ঞাপনের জন্য সরাসরি যোগাযোগ
✆: 7890135514

## কর্মখালি

**বন্ধন ব্যাঙ্ক DSA-তে চাকরি**
20টি জেলায় সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : MP-স্নাতক, বেতন : 14600/-–52700/-, ফ্রেশারও চাই। M : 8345938074

SA

স্থায়ীপদে 35 জন যুবক / যুবতী নিয়োগ করা হবে। বয়স (18-30)। আয় ... ট্রেনিং চলাকালীন (6k-10k) ট্রেনিং শেষে 18k হাবড়া 9800045661

MS

### জরুরী বিজ্ঞপ্তি
### L NO.-WB 60729

সম্পূর্ণ বিনা ডোনেশনে কোলকাতা মেট্রো রেলে শিক্ষাগত যোগ্যতানুযায়ী সরাসরি M/F নিয়োগ চলছে। যোগ্যতা : H.S- স্নাতক ও উর্দ্ধে। বয়স : (18-45)। বেতন : (21500 –62900). PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। M : 8697872965

SA

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনি সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপুরি বিজ্ঞাপনদাতা বা, বিজ্ঞাপন সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

## কর্মখালি

### 7 দিনে জয়েনিং ব্যাঙ্কে স্থায়ী চাকরি

যোগ্যতা অনুযায়ী নিজের জেলায় প্রাইভেট ব্যাঙ্কে মোট 234 জন M/ F নেওয়া হবে। বেতন : 21600+. ৮ম পাশ হতে হবে। বোনাস, OT, PF ও প্রমোশন পাবেন। কাছাকাছি পোস্টিং নিতে আগে যোগাযোগ করুন। Mob : 8653459843

SA

### নিয়োগ সমাচার

WBSEDCL-এ কন্ট্রাক্টরের অধীনে জেলা ভিত্তিক বিভিন্ন পদে ও অফিসিয়াল কাজের জন্য কর্মী চাই। যোগ্যতা - ৮ম - স্নাতক, বেতন - 19K - 54K + OT, ESI, PF, বোনাস, যোগাযোগ- 7501036250

SA

### চাকরির জন্য টাকা দেবেন না

বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। এমনকী কোনোরকমের রেজিস্ট্রেশন ফী-ও দেবেন না। আর তা সত্ত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। সেজন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।

— সম্পাদক, **কর্মসংস্থান**।

BASE
CERTIFIED ISO 9001:2015
GLORIOUS 18 YEARS
ADMISSION OPEN
B.Ed.
পশ্চিমবঙ্গে মাত্র ₹70,000/-
Urdu, Sociology, Psychology, Hindi, Commerce, Computer Sc., Geo, Math, Beng, Eng., His., Pol. Sc. Physical Sc., Life Sc.
এছাড়া ভর্তি চলছে
GNM, B.Sc. Nursing, D.Pharm, B.Pharm, LLB, মাধ্যমিক, উচ্চমাধ্যমিক, BA, B.Sc., B.Com., MA, M.Sc., M.Com., B.Lib., BBA, MBA
64/1, Bidhan Nagar Road, Kol-67 | 9874243949 / 9051702807

# কেন্দ্রীয় সরকারে ১৫০ ফরেস্ট অফিসার

১ পাতার পর

পরীক্ষার্থীরাও আবেদন করার যোগ্য। বয়স হতে হবে ১-৮-২০২৫'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৩ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ১৫০টি। বিজ্ঞপ্তি নং : 06/2025-IFoS dated : 22.01.2025.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৫ সালের ফরেস্ট সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৫ মে। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, গ্যাংটক, রাঁচী, পটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে। প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যার সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, মাত্রাগত মাপ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে। মেন পরীক্ষায় থাকবে এই দু'টি আবশ্যিক বিষয় : (১) জেনারেল ইংলিশ, (২) জেনারেল নলেজ। প্রতিটি পেপারে থাকবে ৩০০ নম্বর। এছাড়া ২টি ঐচ্ছিক বিষয় বেছে নিতে হবে, এইসব বিষয় থেকে : বটানি, জুলজি, কেমিস্ট্রি, জিওলজি, অ্যাগ্রিকালচার, অঙ্ক, ফিজিক্স, স্ট্যাটিস্টিক্স, ফরেস্ট্রি, সিভিল, অ্যাগ্রিকালচার ইঞ্জিনিয়ারিং, কেমিক্যাল, মেকানিক্যাল, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স। প্রতিটি ঐচ্ছিক বিষয়ে থাকবে দু'টি পেপার। প্রতি পেপারে থাকবে ২০০ নম্বর। মোট এই ১,৪০০ নম্বরের লিখিত পরীক্ষায় সফল হলে ৩০০ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট। ঐচ্ছিক বিষয় হিসাবে একসঙ্গে অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, অ্যাগ্রিকালচার ও অ্যাগ্রিকালচারাল ইঞ্জিনিয়ারিং, কেমিস্ট্রি ও কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং, অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স আর অ্যাগ্রিকালচার ও ফরেস্ট্রি একসঙ্গে নিতে পারবেন না। প্রশ্ন হবে ডেসক্রিপ্টিভ টাইপের ও প্রতিটি পেপারে ৩ ঘন্টা করে সময় থাকবে। প্রশ্ন হবে ইংরিজি বা, হিন্দিতে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ১০ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ১১ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে।



# কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য মন্ত্রকের হেল্‌থ ইন্সপেক্টর পদে সফল বেশিরভাগই আই.আই.এইচ.টি'র

**নিজস্ব প্রতিনিধি, কলকাতা :** কেন্দ্রীয় সরকারের স্বাস্থ্য মন্ত্রকের অধীন বিভিন্ন দফতরে হেল্‌থ ইন্সপেক্টর পদের চাকরিতে সাফল্য পেয়েছে কলকাতার ইন্ডিয়ান ইনস্টিটিউট ফর হেল্‌থ ট্রেনিংয়ের ছাত্রছাত্রীরা। সফলরা সদ্য চাকরি পেয়েছে এয়ারপোর্ট, পেট্রোপোল, রাঁচি ক্যান্টনমেন্ট-সহ ভারত সরকারের নানা স্বাস্থ্য দফতরে। স্বাস্থ্য পরিষেবার বিভিন্ন ক্ষেত্রেই স্যানিটারি ইন্সপেক্টরের চাহিদা এখন তুঙ্গে। সরকার স্বীকৃত এই কোর্স পূর্বাঞ্চলে একমাত্র এখানেই পড়ানো হয়। কোর্স শেষ করার পর চাকরি পাওয়া যায় ভারতীয় রেল, স্বাস্থ্যমন্ত্রক, পুরসভা, পুরনিগম, পোর্ট (বিমান ও সমুদ্র), ডিভিসি, ক্যান্টনমেন্ট বোর্ড। এছাড়াও চাকরির সুযোগ আছে হাসপাতাল, হোটেল ও নানান স্বেচ্ছাসেবী বা উন্নয়নমূলক সংস্থায়। এই কোর্সের পাশাপাশি এখানে স্বাস্থ্য পরিষেবার স্বল্পমেয়াদী কোর্সেও ভরতি নেওয়া হচ্ছে।

নতুন সেশনে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ লোকাল সেল্ফ গর্ভমেন্ট, মুম্বই অনুমোদিত ও কেন্দ্রীয় সরকার স্বীকৃত স্যানিটারি ইন্সপেক্টরের ডিপ্লোমা কোর্সে ভরতি নিচ্ছে। উচ্চমাধ্যমিক বা সমতুল কোর্স পাশরা ছেলেমেয়েরা কম্পিউটারে বেসিক ট্রেনিং করে থাকলে ভরতির জন্য আবেদন করতে পারেন। ১ বছরের কোর্স। থিওরির পাশাপাশি প্র্যাক্টিক্যাল ট্রেনিং দেওয়া হয়। তিনি আরো জানান, ফ্রেশারদের পাশাপাশি কর্মরতদের পড়ার সুযোগ রয়েছে। তাঁদের চাকরিতে প্রোমোশন পেতে সুবিধা হয়।

ভরতির জন্য যোগাযোগ করতে হবে এইঠিকানায়- আইআইএইচটি, ২২৬ বি বি গাঙ্গুলি স্ট্রিট, বহুবাজার, কলকাতা-৭০০০১২। ফোন- ৯৮৩৬৩৯৬৭৩৪, ৭০০৩২২৪৪২৭, ৯০৫১২৬০৯২৪, ৯৮৩১৭৭৪৫১৭ ওয়েবসাইট : www.iiht.in

## কোস্ট গার্ডে ৩০০ নাবিক

১ পাতার পর

শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালী ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও স্বাভাবিক ওজন থাকতে হবে। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা পর্যন্ত গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। শূন্যপদ : ২৬০টি (জেনাঃ ১০০, ই.ডব্লু.এস. ২৫, ও.বি.সি. ৬৮, তঃউঃজাঃ ২৮, তঃজাঃ ৩৯)।

**নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) :** মাধ্যমিক পাশ ছেলেরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ২২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ১-৮-২০০৩ থেকে ৩১-৮-২০০৭'এর মধ্যে। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর আর তপশিলী প্রার্থীরা ৫ বছর বয়সে ছাড় পাবেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ১৫৭ (গোর্খা, নেপালি ও অসমীয়া হলে ১৫২) সেমি আর উচ চতার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বুকের ছাতি (অন্তত ৫ সেমি প্রসারণক্ষম) ও ওজন থাকতে হবে। দৃষ্টিশক্তি হতে হবে ভালো চোখে ৬/৩৬ ও খারাপ চোখে ৬/৩৬। স্বাভাবিক শ্রবণশক্তি ও দু'পাটি অক্ষত দাঁত থাকা দরকার। যে কোনো রোগমুক্ত শরীর, শারীরিক ও মানসিকভাবে সুস্থ থাকতে হবে। এছাড়াও রেশন ভাতা, পোশাক ভাতা, ডাক্তারি খরচ, সরকারি আবাসে পরিবার-সহ থাকার সুযোগ, যাতায়াত ভাড়ায় ছাড়, ১০ লাখ টাকা গ্রুপ বিমা, পেনশন, প্রভিডেন্ট ফান্ড, গ্র্যাচুইটি, ক্যান্টিন, ঋণ ইত্যাদির সুযোগ পাবেন। ট্রেনিং-এ বেসিক পে ২১,৭০০ টাকা। ট্রেনিং চলার সময় যাবতীয় খরচ সরকার বহন করবে। এই পদ থেকে 'প্রধান অধিকারী' পদ পর্যন্ত পদোন্নতি হতে পারে। তখন বেসিক পে ৪৭,৬০০ টাকা। শূন্যপদ : ৪০টি (জেনাঃ ১৬, ই.ডব্লু.এস. ৪, ও.বি.সি. ৯, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩)।

প্রার্থী বাছাই হবে ৩টি ধাপে। প্রথম ধাপের কম্পিউটার বেসড অনলাইন পরীক্ষা হবে এপ্রিলে। দ্বিতীয় ধাপের পরীক্ষা হবে জুনে। তৃতীয় ধাপের পরীক্ষা হবে সেপ্টেম্বর মাসে।

নাবিক (ডোমেস্টিক ব্রাঞ্চ) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৬০ নম্বরের ৬০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক- ২০টি, বিজ্ঞান ১০টি, ইংরিজি ১৫টি, রিজনিং ১০টি, জি.কে. ৫টি। সময় ৪৫ মিনিট। ৩০ (তপশিলী হলে ২৭) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। নাবিক (জেনারেল ডিউটি) পদের বেলায় প্রথম পার্টের লিখিত পরীক্ষায় অবজেক্টিভ টাইপের পার্টে ৫০ নম্বরের ৫০টি প্রশ্ন থাকবে এইসব বিষয়ে : অঙ্ক- ২৫টি, ফিজিক্স-২৫টি। সময় ৩০ মিনিট। ২০ (তপশিলী হলে ১৭) নম্বর পেলে কোয়ালিফাই করতে পারবেন। কোনো ক্ষেত্রেই নেগেটিভ মার্কিং নেই।

সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষায় থাকবে ৭ মিনিটে ১.৬ কি.মি. দৌড়, ২০ বার ওঠ-বোস আর ১০ বার পুশ-আপ। সব বিষয়ে সফল হলে ইন্টারভিউ। শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সব শেষে ডাক্তারি পরীক্ষা হবে ওড়িশার আই.এন.এস. চিল্কায়। সব ধাপের ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। ট্রেনিং শুরু সেপ্টেম্বরে।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ ফেব্রুয়ারি থেকে ২৫ ফেব্রুয়ারি পর্যন্ত। এই ওয়েবসাইটে : https://joinindiancoastguard.cdac.in এজন্য প্রথমে পাশপোর্ট মাপের ফটো (১০ থেকে ৪০ কেবির মধ্যে), সিগনেচার (১০ থেকে ৩০ কেবির মধ্যে), বয়স, শিক্ষাগত যোগ্যতা ইত্যাদি প্রমাণপত্র স্ক্যান করে নেবেন। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে 'I Agree'তে ক্লিক করে Online Application'এ গিয়ে যাবতীয় তথ্য দিয়ে সাবমিট করলেই নাম রেজিস্ট্রেশন হয়ে যাবে। তারপর পরীক্ষা ফী বাবদ ৩০০ (তপশিলীদের ফী লাগবে না) টাকা অনলাইনে জমা দেবেন। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য ওই ওয়েবসাইটে পাবেন।

## ১৭০ নার্সিং অফিসার

১ পাতার পর

(অনার্স) নার্সিং কোর্স পাশরা যোগ্য। বি.এসসি. (পোস্ট-সার্টিফিকেট) বা, পোস্ট বেসিক বি.এসসি. নার্সিং কোর্স পাশরাও যোগ্য। রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নার্স অ্যান্ড মিডওয়াইফ হিসাবে নাম নথিভুক্ত থাকতে হবে। জেনারেল নার্সিং অ্যান্ড মিডওয়াইফারির ডিপ্লোমা কোর্স পাশরা রাজ্য বা, ভারতীয় নার্সিং কাউন্সিলে নাম নথিভুক্ত থাকলেও আবেদনের যোগ্য। তবে তাঁদের বেলায় ৫০ শয্যার হাসপাতালে অন্তত ২ বছর কাজের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। পারিশ্রমিক মাসে ২৮,০০০ টাকা। মোট শূন্যপদের মধ্যে জেনাঃ ৯২, ও.বি.সি. ৪০, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ১৩। চাকরি হবে চুক্তিতে। এই পদের ফাইল নং : Proj.MR011/219/2025/CAPFIMS, Dated: 22-01-2025.

**প্রার্থী বাছাই হবে টেস্ট বা, ইন্টারভিউয়ের মাধ্যমে।**

**দরখাস্ত করবেন নির্দিষ্ট ফর্মে।** দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.becil.com, https://becilregistration.com পূরণ করা দরখাস্তের সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) অভিজ্ঞতার সার্টিফিকেট (যদি থাকে), (৩) প্যান কার্ড ও আধার কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৪) আগে কোনো সংস্থায় কাজ করে থাকলে ই.পি.এফ. বা, ই.এস.আই.সি. কার্ডের স্ব-প্রত্যয়িত নকল, (৫) ৫৯০ (তপশিলী, প্রতিবন্ধী ও প্রাক্তন সমরকর্মীদের বেলায় ২৯৫) টাকার ডিমান্ড ড্রাফট। 'Broadcast Engineering Consultants India Ltd, Noida'এর অনুকূলে। দরখাস্ত পৌঁছনো চাই ৪ ফেব্রুয়ারির মধ্যে। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন 'Advertisement No. 501 and Post Name .......'. দরখাস্ত পাঠাবেন স্পীড ডাকে। এই ঠিকানায় : Broadcast Engineering Consultants India Limited (BECIL), BECIL Bhawan, C-56/A-17, Sector-62, Noida - 201307 (U.P.).

# বিভিন্ন সরকার স্বীকৃত কর্মমুখী প্যারামেডিক্যাল কোর্স করে চাকরির সুযোগ

**বিশেষ প্রতিনিধি, কলকাতা :** 'স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি'তে হেলথকেয়ার ও প্যারামেডিক্যাল সংক্রান্ত কর্মমুখী সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স করানো হয়। এই প্রতিষ্ঠানটি স্থাপিত হয় ১৯৯২ সালে। ২০১৫ সালে এই প্রতিষ্ঠানটি দক্ষতা বৃদ্ধি প্রকল্প রূপায়ণে কেন্দ্রীয় সরকারের দক্ষতা উন্নয়ন মন্ত্রকের অধীন ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশনের সঙ্গে সমঝোতা চুক্তি স্বাক্ষর করে। এই কোর্সগুলি করে যেহেতু সরকারি ও বেসরকারি ক্ষেত্রে চাকরি পাওয়া যায়, তাই কোর্সগুলির বেশিরভাগটাই হয় প্র্যাক্টিক্যাল ভিত্তিক। এখানে রয়েছে অত্যন্ত উন্নতমানের সর্বাধুনিক পরিকাঠামো ও অভিজ্ঞ শিক্ষকমণ্ডলী, যাঁরা নিরলস প্রচেষ্টা করে ছাত্রছাত্রীদের পেশাদার ও দক্ষ টেকনিশিয়ান তৈরি করে তুলতে সাহায্য করেন। এছাড়াও এই প্রতিষ্ঠানটির রাজ্যব্যাপী ৩০টিরও বেশি হাসপাতালের সঙ্গে সমঝোতা চুক্তি রয়েছে। প্রশিক্ষণের শেষে দক্ষতার বিচারে বিভিন্ন প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীদের নিয়োগ করা হয় এবং সম্পূর্ণ দক্ষ কর্মীরাই এইসব প্রতিষ্ঠানে চাকরি পেয়ে থাকেন। প্রতিটি বিষয়ে দক্ষ ও পেশাদার কর্মী তৈরি করার কারিগর আমরা। কেন্দ্রীয় সরকারের এবং পশ্চিমবঙ্গ সরকারের বিভিন্ন বৃত্তিমূলক দক্ষতা বৃদ্ধি প্রকল্পে একটি অগ্রগামী প্রতিষ্ঠানরূপে সাফল্যের প্রমাণ রাখতে পেরেছে। এখন থেকে পাশ করা ছাত্রছাত্রীরা পশ্চিমবঙ্গ সহ ভারতের বিভিন্ন রাজ্যে সরকারি ও বেসরকারি হাসপাতালে ও ডায়াগনস্টিক সেন্টারে কর্মরত। ২০২৪-'২৫ শিক্ষাবর্ষে নীচের এইসব কোর্সে ভরতি চলছে — সার্টিফিকেট কোর্স (যোগ্যতা : মাধ্যমিক / সমতুল্য) Duration : ৬ মাস — ১) : অ্যাডভান্স জিডিএ-ক্রিটিক্যাল কেয়ার (Nursing); ২) Phlebotomy (ব্লাড কালেক্টর); ৩) যোগা থেরাপিস্ট। ডিপ্লোমা কোর্স (যোগ্যতা : উচ্চ মাধ্যমিক / কিছু বিষয়ে বিজ্ঞান অগ্রগণ্য) : Duration : ২ বছর + ৬ মাস ইন্টার্নশিপ — ১) মেডিক্যাল ল্যাবরেটরি টেকনোলজি; ২) অপারেশন থিয়েটার টেকনোলজি; ৩) ফিজিওথেরাপি টেকনোলজি; ৪) এক্স-রে ইমেজিং টেকনোলজি। কোর্স ফি আপনার সাধ্যের মধ্যে। যোগাযোগ : স্কুল অফ মেডিক্যাল টেকনোলজি ২৪ গিরিশচন্দ্র বোস রোড, এন্টালি, কোলকাতা- ৭০০০১৪ মোবাইল : ৯২৩১৫২০৪৮০ / ৯৮৭৪৭৬০০১২ / ০৩৩-২২২৭২৩১০, পুরুলিয়া : ৯৯৩২৯৬৫৬৩৬ ঝাড়গ্রাম : ৬২৯৪২৮৯৪৭৮। Website : www.ssmtskill.com


### নিয়োগ সংক্রান্ত বিজ্ঞপ্তি

শালবনী ড্রীমল্যান্ড এডুকেশন হাব দ্বারা পরিচালিত Salboni Institute Of Technology & Salboni Pravate ITI ও PTP ITI- শালবনী/ গড়বেতা/ দাসপুর/পিংলা Government ITI গুলির জন্য জরুরী ভিত্তিতে কিছু শূণ্যপদের জন্য আবেদন করতে বলা হচ্ছে।

| Sl. no. | Position | No. Of Vacancy | Qualifacation |
|---|---|---|---|
| 1. | Trade Instructors in Fitter/-Electrician/ MMV/ | Each-4 | As per NCVT Norms |
| 2. | WCS & Employability Skill Instructor | Each-2 | As per NCVT Norms |
| 3. | Lecturer in Accountency & Chemistry & Electrical for Polytechnic | Each-1 | As per AICTE Norms |

Email Your Application: job.spiti@gmail.com

Call: 9800731713/ 9830022065/ 9051188084

Registered Office: Salboni Dreamland Education Hub (Salboni Pvt. ITI)
Address: Bankibandh, Salboni, Paschim Medinipore. 721147



VACANCY

নার্সের কাজের জন্য H.S. পাশ মহিলা
(কাজ জানা না থাকলে শিখিয়ে নেওয়া হবে)
এবং H.S. পাশ পুরুষ মার্কেটিং এর জন্য নেওয়া হবে।

সরাসরি Interview

জীবনদীপ নার্সিংহোম
আংরাইল, বনগাঁ, ২৪ পঃ (উঃ)
M: 8972358009, 7431037704



ভর্তি চলছে ★ রোজগারমুখী কোর্স ★ কাজের সহায়তা

NETAJI SUBHAS OPEN UNIVERSITY

প্রণবানন্দ ইনস্টিটিউট অফ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি

Diploma | Advance Diploma (PG) | Certificate | Vocational Courses

•Tailoring & Dress Designing •Fire Safety Security •Disaster Mngt •Pre-Primary Teachers' Montessori •Yoga & Naturopathy •Fitness Sports Mngt • Beautician / Wellness • e-Tax / Law •Solar Technician

Business & Industrial Administration • Entrepreneurship & Small Business Mngt.

Study Centres • Kolkata • Diamond Harbour • Barasat-Hridaypur • Malda • Bardhaman • Farakka • Khatra-Bankura • Raiganj • Purulia • Bongaon

Admission Helpline 9331256934 / 9477846520 / 9477846582

Visit www.pimtonline.in | PIMT YoutubeTV | Facebook



NCHMCT

अतुल्य ! भारत
Incredible !ndia

APPLY NOW

NCHM JEE 2025 – for ADMISSION in IHMs

(under NCHMCT, Ministry of Tourism, Govt. of India)

Date of Exam : 27th April, 2025

NTA Portal for Registration of Candidates is active till 15.02.2025

For Admission to :
3-Year B.Sc.
Hospitality & Hotel Administration
at Premier Institutes of Hotel Management (IHM Brand) affiliated with NCHMCT



- Degree awarded by JNU, New Delhi.
- Large network of IHMs.
- Guaranteed best employment opportunities
- Central / State Government Scholarships Available

www.ihmkol.org
IHM Kolkata_Official
@ihmkolkata

Institute of Hotel Management Catering Technology & Applied Nutrition Kolkata
Ihmkolofficial

For admission related query : ☎ 76058 19683

Come JOIN US

For more details, visit : https:nchm.gov.in
Contact Helpline No. : 1800 1803 151
0120-2590608, 73940 91765

Scan the QR Code to apply Or Apply at http://nta.ac.in

ব্যবসা

# পোল্ট্রি ফার্মের ব্যবসা কীভাবে শুরু করবেন

কম পুঁজিতে নানান ব্যবসার সন্ধান দিচ্ছেন ইঞ্জিনিয়ার সুকৃৎ বসু



পোল্ট্রি ফার্মিং হল এমন এক গ্রামীণ ব্যবসা, যা বিভিন্ন ধরনের প্রাণী যেমন হাঁস, টার্কি, মুরগি ইত্যাদি নিয়ে কাজ করে। পোল্ট্রি ফার্মের মালিক ও শ্রমিকরা প্রাণী লালনপালন করে আর খুচরা বিক্রেতা বা ভোক্তাদের কাছে তাদের ডিম বা মাংস বিক্রি করে।

পোল্ট্রি ফার্মিংয়ের ব্যবসা এক বেড়ে ওঠা ব্যবসা, যা কোটি কোটি টাকা আয় আর কয়েক লাখ কর্মসংস্থানের সুযোগ তৈরি করে। তাই পোল্ট্রি ফার্মের ব্যবসায়িক পরিকল্পনা তৈরি করা, দরকার অনুযায়ী এটি বাস্তবায়ন করা আর ব্যবসায়িক অর্থ পাওয়ায় ভারতবর্ষে এটি এক লাভজনক ব্যবসা হয়ে ওঠে।

### পোল্ট্রি ফার্মের ব্যবসার সুবিধা

- খুব তাড়াতাড়ি লাভজনক হয়।
- খুব বেশি পুঁজি আর জায়গার দরকার পড়েনা।
- চাহিদা বেশি বলে বিনিয়োগে দ্রুত রিটার্ন।
- সহজ লাইসেন্সিং ব্যবস্থা।
- ব্যবসার ঋণ পাওয়া সহজ।
- উচ্চ দক্ষ শ্রমের দরকার নেই।
- কম রক্ষণাবেক্ষণ দরকার।

### পোল্ট্রি ফার্মের ব্যবসা বাড়ানো বা শুরু করার সব পদক্ষেপ

- **ছোটো করে শুরু করে ধীরে ধীরে বাড়ান** : সর্বোত্তম কৌশল হল ছোটোভাবে ব্যবসা শুরু করা আর চাহিদা বাড়ার সঙ্গে সঙ্গে ব্যবসা বাড়ানো।
- **মাংস উৎপাদন আর প্যাকেজিং বিবেচনা করুন** : যেহেতু কিছু গ্রাহক এখনও খাঁটি আর সতেজ সামগ্রী চান, তাই গবাদি পশু ক্রয় করেন। তাই খামার মালিকরা খামারের সব পণ্য প্রক্রিয়াকরণ আর প্যাকেজিং নিজেরাই করতে পারেন। তবে প্যাকেজিং সেগমেন্ট শুরু করার জন্য অবশ্যই মাংস কাটার লোক নিয়োগ, সরঞ্জাম কেনার জন্য আর সব নিয়মকানুন মানার জন্য এক আলাদা স্থান ঠিক করতে হবে।
- **বিক্রয় আউটলেট গড়ে তুলুন** : খুচরো সরবরাহকারীদের ওপর নির্ভর না করে, মুরগি, মুরগির অংশ; তাজা ডিম ইত্যাদির জন্য নিজস্ব বিক্রয় আউটলেট খুলে ব্যবসা বাড়াতে পারেন।
- **ডেলিভারি পরিষেবা** : অনেক গ্রাহক তাঁদের সব আইটেম তাঁদের দোরগোড়ায় পৌঁছে দেওয়া পছন্দ করেন। ডেলিভারির সব পরিষেবা দিতে পারলে অর্ডার পেতে আর ব্যবসা বাড়াতে পারবেন।
- **সরকারি ভরতুকির জন্য আবেদন করুন** : উৎসাহ দেওয়ার জন্য সরকার এই সেক্টরকে নানান অনুদান আর ভরতুকি দেয়। পোল্ট্রি খামারের ব্যবসা বাড়ানোর জন্য এই ভরতুকির জন্য আবেদন করতে পারেন।

তবে পোল্ট্রি খামারের ব্যবসা বাড়ানোর ক্ষেত্রে খামারের ধরন আর আকারের ওপর ঋণ দেওয়া নির্ভর করে। কমপক্ষে ৩ লাখ টাকা ঋণও পেতে পারেন। তবে নীচের এইসব খরচ এতে অন্তর্ভুক্ত : (১) পশু সম্পদ, (২) খামারের জায়গা, (৩) কাঁচামাল, (৪) যন্ত্রপাতি, (৫) খাওয়ানো, (৬) প্রক্রিয়াকরণ আর প্যাকেজিং, (৭) মার্কেটিং, (৮) পরিবহণ।

পোল্ট্রি ফার্মিং হল স্বল্প পুঁজির ব্যবসা। খুব সহজেই প্রচুর লাভের সুযোগ রয়েছে।

### খামারে সাধারণত কোন ধরনের মুরগি পালন করা হয়

সাধারণত খামারে মুরগি, গিজ, কোয়েল, হাঁস আর অন্যান্য পাখি পালন করা হয়। ভারতে মুরগি এখন সবচেয়ে জনপ্রিয় খামার পণ্য।

### ১,০০০ পাখির মুরগির খামারের জন্য কত জায়গা দরকার

সাধারণ নির্দেশিকা অনুসারে প্রতি পাখির জন্য ০.৫ থেকে ১ বর্গফুট এলাকা যথেষ্ট। তাই ১,০০০ পাখির জন্য একটি খামার করতে কমপক্ষে ৫০০-১০০০ বর্গফুট জায়গা দরকার। অন্য মতে, প্রতি পাখির ২ বর্গফুট কোপ স্পেস দরকার।

**লাইসেন্স কী কী দরকার** :(১) ট্রেড লাইসেন্স, (২) দূষণ বোর্ড, গ্রাম পঞ্চায়েত, পুরসভা থেকে 'নো অবজেকশন' সার্টিফিকেট, (৩) বিদ্যুৎ ব্যবহারের জন্য অনুমতি, (৪) ভূগর্ভস্থ জল বিভাগের লাইসেন্স, (৫) ব্যবসার রেজিস্ট্রেশন, (৬) MSME নিবন্ধন আর GST নিবন্ধন।

ভারতের বাজারে পোল্ট্রি পণ্যের ক্রমবর্ধমান চাহিদার জন্য সরকার মুরগির খামারকে উৎসাহ দেয়। তাই, পোল্ট্রি খামার করার জন্য অনুমতি বা লাইসেন্স পাওয়া সহজ।



### ভারতে ক'ধরনের মুরগির ব্যবসা চলে

তিন প্রকার —

- **ব্রয়লার মুরগি** : এদের বৃদ্ধির হার বেশি আর ৮ সপ্তাহের মধ্যে পূর্ণ বৃদ্ধির পর্যায়ে পৌঁছোয়। আর মাংসের পরিমাণও বেশি।
- **লেয়ার মুরগি** :একটি অনন্য জাত। ১৮-১৯ সপ্তাহ থেকে ডিম পাড়া শুরু করে। ৭২-৭৮ সপ্তাহ পর্যন্ত চলতে পারে। প্রতি বছর আড়াইশোর বেশি ডিম উৎপাদন করতে পারে।
- **মোরগ মুরগি** : যখন ছোটো থাকে, তখন বলা হয় ককরেল আর প্রাপ্তবয়স্ক হলে মোরগ নামে পরিচিত। বড়ো হতে সময় নেয়। কিন্তু তাদের আঞ্চলিক প্রবৃত্তির কারণে ডিম পাড়ে এমন মুরগিকে পাহারা দেয়।

### পোল্ট্রি ফার্মের উপযুক্ত জায়গা ঠিক করা :

ব্যবসার স্কেল আর ধরনের ওপর নির্ভর করে পোল্ট্রির খামার গড়তে হবে। ভারতে এই ধরনের সব খামার রয়েছে :

- **ব্যাটারি খাঁচা মুরগির খামার** : পাখির জন্য ৪০০০ বর্গফুট আর অন্যান্য খামারের পরিকাঠামোর জন্য অতিরিক্ত ২০০০ বর্গফুট দরকার। তবে ব্যাটারি খাঁচা ব্যবস্থায় পাখিরা অবাধে চলাফেরা করতে পারে না।
- **ফ্রি-রেঞ্জ মুরগির খামার** :এ ধরনের খামারে ১২,০০০ থেকে ৩৬,০০০ বর্গফুট দরকার। এই খামারে পাখিদের মুক্ত পরিসরের জন্য মাঠের মধ্যে ছেড়ে দেওয়া হয়।
- **আধা পরিসরের মুরগির খামার** : এতে পাখিদের সব খোপে রাখা হয় আর ঘুরে বেড়ানোর জন্য একটি প্যাডক বা ছোটো পেন দেওয়া হয়। এতে ৪,০০০ বর্গফুট জায়গা দরকার।
- **বন্য হাঁস মুরগির খামার** : এতে অনেক গাছসহ প্রাকৃতিক পরিবেশে পাখি পালন করা হয়। পুরোপুরি বন্য ব্যবস্থার জন্য প্রায় ৪৪,০০০ বর্গফুট এলাকা দরকার, যেখানে একটি পাখির প্রায় ২ বর্গফুট কোপ স্পেস আর ১৫-২০ বর্গফুট ফ্রি রেঞ্জ স্পেস দরকার। তবে জায়গা বাছার সময় বিবেচনা করা উচিত শহর থেকে দূরে এমন এক এলাকা খুঁজে বের করা, যে এলাকা শান্ত, নিরাপদ, দূষণমুক্ত আর সহজলভ্য সুযোগ-সুবিধা যেমন পণ্য আর মিষ্টি জল কেনার জন্য বাজার আছে।

### পোল্ট্রি ফার্মিং পরিচালনার জন্য প্রশিক্ষণ

ভারতে অনেক পোল্ট্রি ফার্মিং ইনস্টিটিউট আর প্রশিক্ষণ কেন্দ্র আছে, যেখানে পেশাদার প্রশিক্ষণ দেওয়া হয়। যেমন- ডাঃ বি. ভি. রাও ইনস্টিটিউট অফ পোল্ট্রি ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি। সুষ্ঠ পরিচালনার জন্য আগে প্রশিক্ষণ নিয়ে নেওয়া ভালো।

**উপসংহার** : পোল্ট্রি ফার্মের ব্যবসা অবশ্যই লাভজনক। তবে প্রাণীপালনে আগ্রহ থাকা চাই। শুরুতে ৪০-৫০টা পাখি নিয়ে ব্যবসা শুরু করুন। ব্যবসা বাড়ার সঙ্গে বিনিয়োগ বাড়ানো সমীচীন হবে।

## নার্সিংহোমে নিয়োগ

নিজস্ব সংবাদদাতা, মুর্শিদাবাদ : মুর্শিদাবাদের বরঞায় পিস নার্সিংহোমে 'মার্কেটিং' ও 'কম্পিউটার' বিভাগে ৪জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। বয়স ও স্যালারি হবে প্রতিষ্ঠানের নিয়ম অনুযায়ী। ইচ্ছুক প্রার্থীরা CV পাঠান এই নম্বরে হোয়াটসঅ্যাপ করে : 7797139943. বিশদে জানতে ফোন করুন এই নম্বরে : 8001903066.

## কেন্দ্রের সেরা পদে ৯৭৯ চাকরি

১ পাতার পর

মার্কশীট বা, সার্টিফিকেটের প্রত্যয়িত নকল পাঠাতে হবে। বয়স হতে হবে ১-৮-২০২৫'এর হিসাবে ২১ থেকে ৩২ বছরের মধ্যে অর্থাৎ, জন্ম-তারিখ হতে হবে ২-৮-১৯৯৩ থেকে ১-৮-২০০৪'এর মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, দৈহিক প্রতিবন্ধীরা ১০ বছর আর প্রাক্তন সমরকর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। সাধারণ প্রার্থীরা ৬ বার, ও.বি.সি.'রা ৯ বার ও তপশিলীরা যতবার খুশি এই পরীক্ষা দিতে পারেন। শূন্যপদ : ৯৭৯টি। এর মধ্যে প্রতিবন্ধীদের জন্য ৩৮টি পদ সংরক্ষিত।

চাকরি হবে এইসব ক্যাডারে : (১) ইন্ডিয়ান অ্যাডমিনিস্ট্রেটিভ সার্ভিস, (২) ইন্ডিয়ান ফরেন সার্ভিস, (৩) ইন্ডিয়ান পুলিশ সার্ভিস, (৪) পি অ্যান্ড টি অ্যাকাউন্টস অ্যান্ড ফিনান্স সার্ভিস-গ্রুপ-A, (৫) ইন্ডিয়ান অডিট অ্যান্ড অ্যাকাউন্ট সার্ভিস-গ্রুপ-A, (৬) ইন্ডিয়ান ডিফেন্স অ্যাকাউন্টস সার্ভিস -গ্রুপ-A, (৭) ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস (আই.টি.)-গ্রুপ-A, (৮) ইন্ডিয়ান সিভিল অ্যাকাউন্টস সার্ভিস-গ্রুপ -A, (৯) ইন্ডিয়ান পোস্টাল সার্ভিস - গ্রুপ -A, (১০) ইন্ডিয়ান রেলওয়ে প্রোটেকশন ফোর্স সার্ভিস - গ্রুপ-A, (১১) ইন্ডিয়ান ডিফেন্স এস্টেটস সার্ভিস- গ্রুপ -A, (১২) ইন্ডিয়ান ইনফর্মেশন সার্ভিস (জুনিয়র গ্রেড)-গ্রুপ -A, (১৩) ইন্ডিয়ান ট্রেড সার্ভিস- গ্রুপ-A, (১৪) ইন্ডিয়ান কর্পোরেট ল' সার্ভিস- গ্রুপ-A, (১৫) আর্মড ফোর্সেস হেড কোয়ার্টার্স সিভিল-গ্রুপ-B, (১৬) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস (ট্র্যাফিক) সার্ভিস- গ্রুপ-A, (১৭) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের সিভিল সার্ভিস - গ্রুপ-B, (১৮) দিল্লি ও আন্দামান নিকোবর দ্বীপপুঞ্জের পুলিশ সার্ভিস, গ্রুপ -B. (১৯) পুদুচেরি সিভিল সার্ভিস, গ্রুপ -B, (২০) পুদুচেরি পুলিশ সার্ভিস, গ্রুপ-বি, (২১) ইন্ডিয়ান রেলওয়ে ম্যানেজমেন্ট সার্ভিস, গ্রুপ-A। এই পদের বিজ্ঞপ্তি নং : 05/ 2025-CSP dated : 22.01.2025.

প্রার্থী বাছাই করবে ইউনিয়ন পাব্লিক সার্ভিস কমিশন। ২০২৫ সালের সিভিল সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে। প্রথমে হবে প্রিলিমিনারি পরীক্ষা, ২৫ মে। এইসব কেন্দ্রে : কলকাতা, শিলিগুড়ি, কটক, গ্যাংটক, রাঁচী, পাটনা, দিসপুর (গুয়াহাটি), ত্রিপুরা, আগরতলা, আইজল, শিলঙ ও পোর্ট ব্লেয়ারে।

প্রিলিমিনারি পরীক্ষায় অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের মোট ৪০০ নম্বরের ২টি পেপারের পরীক্ষা হবে। প্রথম পেপারে থাকবে এইসব বিষয় : (১) জাতীয় ও আন্তর্জাতিক বিষয়ের ওপর সাম্প্রতিক ঘটনা, (২) ভারতীয় ইতিহাস ও ভারতের স্বাধীনতা সংগ্রাম, (৩) ভারতীয় ও বিশ্বের ভূগোল — শারীরিক, সামাজিক, অর্থনৈতিক ভূগোল, (৪) ভারতীয় রাষ্ট্রনীতি ও তাৎপর্য — সংবিধান, পলিটিক্যাল সিস্টেম, পঞ্চায়েতী রাজ, পাবলিক পলিসি, অধিকার ইত্যাদি, (৫) অর্থনৈতিক ও সামাজিক উন্নয়ন — দীর্ঘস্থায়ী উন্নয়ন, দারিদ্র, অন্তর্ভুক্তিকরণ, প্রাকৃতিক বৈচিত্র্য, সামাজিক ক্ষেত্রে উদ্যোগ (৬) পরিবেশগত ভারসাম্য, আবহাওয়ার পরিবর্তন ও জীব বৈচিত্র্য বিষয়ক (৭) সাধারণ বিজ্ঞান।

দ্বিতীয় পেপারে থাকবে এইসব বিষয় : (১) কমপ্রিহেনশন, (২) জনসংযোগ দক্ষতা-সহ ব্যক্তিত্ব দক্ষতা, (৩) লজিক্যাল রিজনিং ও অ্যানালিটিক্যাল এবিলিটি, (৪) সিদ্ধান্ত নেওয়া ও সমস্যা সমাধান, (৫) জেনারেল মেন্টাল এবিলিটি, (৬) বেসিক নিউমারেসি (সংখ্যা ও তার সম্পর্ক, দ্রাঘিমাংশ) (মাধ্যমিক লেভেল), ডাটা ইন্টারপ্রিটেশন (চার্ট, গ্রাফ, টেবিল, ডাটা সাফিসিয়েন্সি - মাধ্যমিক লেভেল), (৭) ইংলিশ ল্যাঙ্গোয়েজ কম্প্রিহেনশন স্কিল (মাধ্যমিক লেভেল)। প্রতিটি পেপারে ২০০ নম্বরের পরীক্ষা হবে। সময় থাকবে ২ ঘন্টা। প্রশ্ন হবে ইংরিজি ও হিন্দিতে। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। প্রতিটি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ০.৩৩ নম্বর কাটা হবে। প্রিলিমিনারি পরীক্ষায় সফল হলে মোট শূন্যপদের ১২-১৩ গুণ প্রার্থীকে মেন পরীক্ষার জন্য ডাকা হবে।

মেন পরীক্ষায় থাকবে মোট ২,৬২৫ নম্বর (কোয়ালিফাইং পেপার ৬০০ নম্বর, মেধাভিত্তিক ১,৭৫০ নম্বরের ৭টি পেপার, পার্সোন্যালিটি টেস্ট ২৭৫ নম্বর)।

৬০০ নম্বরের কোয়ালিফাইং পেপার আছে এই ২টি : (১) প্রথম পত্র : ভারতীয় ভাষার যে কোনো একটি ভাষা পেপার - ৩০০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : ইংরিজি - ৩০০ নম্বর।

এছাড়াও মেধা ভিত্তিক পেপারগুলি হল : (১) প্রথম পত্র : প্রবন্ধ লেখা -২৫০ নম্বর, (২) দ্বিতীয় পত্র : জেনারেল স্টাডিজ-। (ভারতীয় ঐতিহ্য ও সংস্কৃতি, বিশ্বের ভূগোল ও বিশ্বের ইতিহাস) - ২৫০ নম্বর, (৩) তৃতীয় পত্র : জেনারেল স্টাডিজ -।। (সংবিধান, রাষ্ট্রনীতি, সামাজিক বিচার ও আন্তর্জাতিক সম্পর্ক) - ২৫০ নম্বর, (৪) চতুর্থ পত্র : জেনারেল স্টাডিজ -।।। (প্রযুক্তি, অর্থনৈতিক উন্নয়ন, বায়ো-ডাইভার্সিটি, এনভায়রনমেন্ট, সিকিউরিটি অ্যান্ড ডিজাস্টার ম্যানেজমেন্ট) - ২৫০ নম্বর, (৫) পঞ্চম পত্র : জেনারেল স্টাডিজ -IV (এথিক্স, ইন্টিগ্রিটি ও অ্যাপ্টিটিউড) - ২৫০ নম্বর, (৬) ষষ্ঠ পত্র : ঐচ্ছিক বিষয়ের প্রথম পত্র -২৫০ নম্বর। (৭) সপ্তম পত্র : ঐচ্ছিক বিষয়ের দ্বিতীয় পত্র -২৫০ নম্বর।

মেনস-এ ৯টি পেপারের পরীক্ষা হবে ডেসক্রিপ্টিভ টাইপের।

ঐচ্ছিক বিষয় বাছতে হবে এইসব বিষয় থেকে :অ্যাগ্রিকালচার, অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, অ্যানথ্রোপলজি, বটানি, কেমিস্ট্রি, সিভিল ইঞ্জিনিয়ারিং, কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি, অর্থনীতি, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, ভূগোল, জিওলজি, ইতিহাস, আইন, ম্যানেজমেন্ট, অঙ্ক, মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, মেডিক্যাল সায়েন্স, দর্শন, ফিজিক্স, রাষ্ট্রবিজ্ঞান ও ইন্টারন্যাশনাল রিলেশন্স, সাইকোলজি, পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, সোশিওলজি, জুলজি, স্ট্যাটিস্টিক্স। উত্তর দিতে পারবেন বাংলা, ইংরিজি, আসামী, ওড়িয়া, দেবনাগরী বা, অলচিকি ভাষা-সহ অন্যান্য ২২টি আঞ্চলিক ভাষায়। ঐচ্ছিক বিষয়ের প্রতিটিতে থাকবে ৩ ঘন্টা সময়।

ঐচ্ছিক বিষয় হিসাবে এই কম্বিনেশন বিষয় নিতে পারবেন না : (১) রাষ্ট্রবিজ্ঞান অ্যান্ড ইন্টারন্যাশনাল রিলেশন্স ও পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (২) কমার্স অ্যান্ড অ্যাকাউন্ট্যান্সি আর ম্যানেজমেন্ট, (৩) অ্যানথ্রোপলজি ও সোশিওলজি, (৪) অঙ্ক ও স্ট্যাটিস্টিক্স, (৫) অ্যাগ্রিকালচার ও অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স, (৬) ম্যানেজমেন্ট অ্যান্ড পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন, (৭) সিভিল, ইলেক্ট্রিক্যাল ও মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং (একটির বেশি বিষয় নয়), (৮) অ্যানিম্যাল হাজবেন্ড্রি অ্যান্ড ভেটেরিনারি সায়েন্স ও মেডিক্যাল সায়েন্স।

'মেন' পরীক্ষায় সফল হলে ২৭৫ নম্বরের ইন্টারভিউ। চূড়ান্ত তালিকা তৈরির সময় প্রিলিমিনারি পরীক্ষায় পাওয়া নম্বর ধরা হবে না।

দরখাস্ত করবেন অনলাইনে, ১১ ফেব্রুয়ারির মধ্যে। এই ওয়েবসাইটে : https://www.upsconline.gov.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাসপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে স্ক্যান (৪০ কে.বি.'র বেশি হবে না, এর মধ্যে ফটো ৩০ কে.বি. ও সিগনেচার ১০ কে.বি. হতে হবে) করে নিয়ে যাবেন। প্রথমে ওপরের ওই ওয়েবসাইটে গিয়ে পরীক্ষা ফী বাবদ ১০০ (তপশিলী, প্রতিবন্ধী ও মহিলাদের ফী লাগবে না) টাকা স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার কোনো শাখায় নগদে জমা দিতে পারবেন ১০ ফেব্রুয়ারির মধ্যে। এছাড়াও নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে কিংবা ভিসা বা, মাস্টার ক্রেডিট /ডেবিট কার্ডে জমা দিতে পারবেন, ১১ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। আরো বিস্তারিত তথ্য পাবেন ওই ওয়েবসাইটে। ফর্ম পূরণ করার পর কোনো ভুল হয়ে থাকলে তা এডিট করতে পারবেন ১২ ফেব্রুয়ারি থেকে ১৮ ফেব্রুয়ারির মধ্যে।

প্লেসমেন্টের নিরিখে

# মেয়েদের জন্য সরকার স্বীকৃত রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজের অনন্য নজির



*নার্সিংকে পেশা হিসাবে নিলে কোর্স শেষে নিশ্চিত চাকরি। গুরুত্বপূর্ণ এই কোর্সের খুঁটিনাটি ব্যাপারে জানালেন, মেয়েদের জন্য রাজ্যের অন্যতম সেরা নার্সিং কলেজ, কল্যাণীর এইমসের পাশে গড়ে ওঠা 'সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ'এর ডিরেক্টর মালবিকা ভট্টাচার্য।*



সম্প্রতি স্টেট নার্সিং কাউন্সেলিংয়ের রিভিউ মিটিং-এ রাজ্যের সেরা নার্সিং কলেজের যে তালিকা তৈরি করা হয়েছে তাতে একদম উপরের দিকে রয়েছে সঞ্জয় মেমোরিয়াল অ্যাকাডেমি অফ নার্সিং অ্যান্ড রিসার্চ। INC, SNC ও WBUHS স্বীকৃত এই কলেজ, মেয়েদের জন্য B.Sc ও GNM নার্সিং কোর্সে পড়ানোর ব্যাপারে রাজ্যের মধ্যে অন্যতম সেরা। কল্যাণী এইমসের পাশে থাকা এই কলেজের ডিরেক্টর মালবিকা ভট্টাচার্যের মুখ থেকে শুনে নেওয়া যাক এর যথাযথ কারণ — "(১) দেখুন প্রথমেই আমরা যে বিষয়ে সবচেয়ে বেশি গুরুত্ব দিয়েছি তা হল রাজ্য ও কেন্দ্রীয় সরকারের অনুমোদন অর্থাৎ, আমাদের কলেজ থেকে নার্সিং পাশ করলে মেয়েরা যে সার্টিফিকেট পাবেন তা রাজ্য সরকার (SNC / WBUHS) ও কেন্দ্রীয় সরকার (INC) নার্সিং কাউন্সিল অনুমোদিত — যা সবাইকে কোর্স শেষে প্লেসমেন্ট (সরকারি বা, বেসরকারি) পেতে ১০০% সাহায্য করবে। (২) এটা আমরা সবাই জানি, নার্সিং ট্রেনিংয়ের জন্য সবচেয়ে জরুরি হল প্র্যাক্টিক্যাল। এক্ষেত্রে আমাদের কলেজের সঙ্গে সরকারি হাসপাতালের স্পেশাল ইন্ডাস্ট্রিয়াল টাই-আপ থাকায়, এখানে উন্নত মানের প্র্যাক্টিক্যাল ট্রেনিংয়ের সুবিধা আছে। (৩) এই কলেজের প্লেসমেন্ট টিম অত্যন্ত সুদক্ষ — যাঁরা প্রতিনিয়ত রাজ্যের নামী-দামী হাসপাতাল/ নার্সিং হোম / ডায়গনস্টিক্স সেন্টার / মেডিক্যাল সার্ভিস সেন্টার'এর সঙ্গে যোগাযোগ রাখে, যা এখান থেকে পাশ করা মেয়েদের চাকরি পেতে সাহায্য করবে। (৪) আমাদের কলেজের নার্সিং ফ্যাকাল্টি অত্যন্ত উচ্চমানের — যা মেয়েদের হাতে-কলমে ঠিকঠাক নার্সিং শেখাতে অনেকক্ষেত্রে সাহায্য করবে। এছাড়াও দীর্ঘ এক দশকের ইন্ডাস্ট্রিয়াল অভিজ্ঞতা থাকায়, মেয়েরা তাঁদের কাছ থেকে 'ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড নার্সিং' শিখতে পারবে, যা রাজ্যের মধ্যে খুব কম কলেজেই আছে। (৫) মফঃস্বলের মধ্যে এত কম কোর্স ফী'তে এত উন্নত মানের নার্সিং ট্রেনিংয়ের সুবিধা আর কোথাও নেই বললেই চলে। (৬) AIIMS কল্যাণীর পাশে থাকায় অনেক সময় গেস্ট ফ্যাকাল্টি হিসাবে গ্রেড-এ মেট্রন / নার্সিং অফিসারেরা ক্লাস নেন — যা অন্য কোনো কলেজের ক্ষেত্রে সম্ভব হবে না।" উল্লেখ্য, AIIMS কল্যাণীর পাশে গড়ে ওঠা এই নার্সিং কলেজে, যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ মেয়েরা ন্যূনতম ৪৫% নম্বর পেয়ে পাশ করলে আবেদন করতে পারবেন। বয়সের কোনো কড়াকড়ি নেই অর্থাৎ, যে কোনো বয়সের মেয়েরা ভরতি হতে পারেন। এছাড়াও এখানে এডুকেশন লোন / স্টুডেন্টস ক্রেডিট কার্ড-সহ সব ধরনের সরকারি স্কলারশিপের সুবিধা আছে। একথা নিঃসন্দেহে বলা যায়, খুব কম খরচে GNM অথবা B.Sc নার্সিং পড়ানোর এত ভালো প্রফেশনাল নার্সিং কলেজ রাজ্যের মধ্যে খুব সামান্যই আছে। হস্টেলের সুবিধা আছে। তবে তা আবশ্যিক নয়। মেয়েরা বাড়ি থেকেও যাতায়াত করতে পারবেন। এই সুযোগ অনেক কলেজেই পাবেন না। কলেজে ভরতি হওয়ার জন্য হেল্প লাইন নম্বর : 9903205182, 8017656252. এছাড়া ভরতির জন্য সরাসরি যোগাযোগ করুন এই ঠিকানায় : Gate No. 7 (Near AIIMS, Kalyani), Ballindi, Haringhata, Jaguli, Kalyani - 741246.

**N.B** : MBS Multi Speciality Hospital (107 Bed) coming soon in this year.

## অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনে
# হাইকোর্ট এলডিএ মেনস্ পরীক্ষার মকটেস্ট

সম্প্রতি হাইকোর্ট লোয়ার ডিভিশন ক্লার্কের গ্রেড-২ এর রেজাল্ট প্রকাশিত হয়েছে। মেনস্ হবে সম্ভবত খুব শীঘ্রই। আর সময় নষ্ট না করে মেনস্রে প্রস্তুতি শুরু করে দেওয়া দরকার। মেনস্রে মকটেস্ট না দিয়ে পরীক্ষা প্রস্তুতি সম্পূর্ন হয়না। অ্যাকাডেমিক অ্যাসোসিয়েশনবহু চাকরি প্রার্থীদের অনুরোধে প্রথমবার এলডিএ পরীক্ষার মেনস্রে মকটেস্ট আয়োজিত করতে চলেছে। নেওয়া হবে ৫টি পূর্ণদৈর্ঘ্যের সম্পূর্ণ সিলেবাস অনুসারে মকটেস্ট। সঙ্গে দেওয়া হবে সাজেসটিভ নোটস্। মকটেস্টের ব্যাচে ভর্তির জন্য যোগাযোগ করুন ঃ কলেজস্ট্রিট - ৯০৩৮৭৮৬০০০/ ৯৬৭৪৪৭৮৬৪৪ এই নম্বরে। মকটেস্ট শুরু ৯ই ফেব্রুয়ারী, ২০২৫ পরীক্ষা দুটি আয়োজিত হবে কলকাতার কলেজস্ট্রিট ক্যাম্পাসে। আসন সংখ্যা সীমিত। শীঘ্রই নিজের আসন এবং মেরিট লিস্টে আপনার নামটি নিশ্চিত করুন।

CA QUAZI ABU NASER MEMORIAL TRUST
এর আর্থিক সহায়তায় খুব কম খরচে
GNM & B.Sc. Nursing কোর্স করুন।
INC, WBNC, WBUHS Approved College থেকে
Admission চলছে
B.Ed. | D.El.Ed. | D.Pharma
M: 9732023618

ভর্তি চলছে
Online Education
UGC Approved | NAAC GRADE A+ | UNIVERSITY
BA. B.Com, BSc, MA, MCom, Msc (Math), MBA, BBA, MCA, BCA
10th, 12th, BEd, LLB, LLM, DPharma
DCS Educare
Career Counselling & Admission Guidance Centre
বারাসাত সল্টলেক
7439041864

# কলকাতায় ডিজিটাল মার্কেটিংয়ে

১ পাতার পর

কলকাতার সল্টলেকের বিভিন্ন সংস্থায় প্রতি সপ্তাহে কমবেশি ১০০ থেকে ২০০ নিয়োগ হয়। এই স্পেশালাইজড ক্ষেত্রে কীভাবে নিজেকে প্রস্তুত করলে ৬ মাসের মধ্যে ভালো মাইনের চাকরি পাবেন তা জানতে আমরা গেছিলাম রাজ্যের প্রথম সারির আইটি হিউম্যান আউটসোর্সিং সংস্থা তথা 'ডিসান টেকনোলজি প্রাইভেট লিমিটেড'এ। সংস্থার সিইও ও ফাউন্ডার অর্ঘ্য দত্ত জানালেন, 'দেখুন, আমাদের রাজ্যেই প্রত্যেক মাসে কয়েকশো কোম্পানিতে ডিজিটাল মার্কেটিংয়ে কয়েক হাজার ছেলেমেয়ের চাকরি হচ্ছে। অথচ খুবই অবাক করার মতো ব্যাপার যে, এখনও অনেক বেকার ছেলেমেয়েই এই বিষয়ে কিছুই জানে না। কারণ ঠিক কী ধরনের কোর্স করলে এই সেক্টরে চাকরি পাওয়া যায়, বেশিরভাগ ছেলেমেয়েরাই তা জানে না। আমি খুব জোরের সঙ্গে একথা বলতে পারি, যে যদি কোনো ছেলেমেয়ে ঠিকঠাক জায়গা থেকে ডিজিটাল মার্কেটিং মন দিয়ে শেখে, তাহলে এখানকার নামিদামি সফটওয়্যার কোম্পানিতে ৬ মাসের মধ্যে সে খুব সহজেই ভালো মাইনের চাকরি পাবেই।' ডিজিটাল মার্কেটিংয়ে মূলত ৩টি পদে লোক নেওয়া হয়— **(I) SEO (Search Engine Optimization), (II) SMO (Social Media Optimization), (III) PPC (Pay Per Click).** শুরুতেই নিয়োগ হয় SEO ও SMO-তে। উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা কম্পিউটারে অ্যাডভান্সড কোর্স করলেই এই ট্রেনিং নিতে পারবেন। তারপর মোটামুটি ২ বছরের অভিজ্ঞতা থাকলে PPC-তে নিয়োগ হয়। SEO বা SMO-তে প্রত্যেক সপ্তাহে এই কলকাতাতেই ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো ছেলেমেয়ের চাকরি হচ্ছে। তাহলে কোথা থেকে কী ধরনের কোর্স করলে ডিজিটাল মার্কেটিংয়ে খুব সহজেই কেরিয়ার করা যাবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন যে, 'দেখুন, এখন যুগটাই ডিজিটাল। তাই প্রতিটি কোম্পানিতেই ডিজিটাল মার্কেটিংয়ের প্রয়োজন। তাই এখানে এত বিপুল সংখ্যক লোক লাগে।' SEO-রা মূলত ওয়েবসাইট বা, অ্যাপটিকে এমনভাবে মার্কেটিং করে যাতে কোনো একটি বিষয় (key word) সার্চ ইঞ্জিন (যেমন Google, Yahoo)-এ টাইপ করলে সংশ্লিষ্ট ওয়েবসাইট বা, অ্যাপটি-ই সার্চিংয়ের একদম ওপরেই আসবে। SMO-রা মূলত সোশ্যাল মিডিয়া হ্যান্ডলার (যেমন X, Facebook, LinkedIn, Youtube, Telegram ইত্যাদি) এর মাধ্যমে কোম্পানির সোশ্যাল মিডিয়া এনগেজমেন্ট বাড়িয়ে অ্যাপ বা, ওয়েবসাইটটিকে জনপ্রিয় করে তোলে। এরপর PPC-রা মূলত Performance Marketer / Ad Expert হিসাবে বিভিন্ন ডিজিটাল মিডিয়ার মাধ্যমে কোম্পানির গ্রস রেভিনিউ বা, প্রফিট বাড়ায়। এই পেশা বেছে নিতে হলে কোথা থেকে ট্রেনিং নিতে হবে? উত্তরে অর্ঘ্যবাবু বললেন, 'রাজ্যের মধ্যে এখন আইটি ট্রেনিংয়ের জন্য ডিসান অ্যাকাডেমির নাম সবচেয়ে ওপরে। কারণ (১) একমাত্র এখানেই ৪ মাসের ট্রেনিং দেওয়ার পর রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিতে ৩ মাসের ইন্টার্নশিপ করানো হয়। এইসময় ছেলেমেয়েদের স্টাইপেন্ড হিসাবে মাসে ৮,০০০ থেকে ১০,০০০ টাকা দেওয়া হয়। (২) আমাদের এখানে সফটওয়্যার ইন্ডাস্ট্রির সেরা সেরা ডিজিটাল এক্সপার্টরাই ফ্যাকাল্টি বা মেন্টর হিসাবে আছেন যাতে এখানকার ছেলেমেয়েরা সবচেয়ে ভালো ইন্ডাস্ট্রি ওরিয়েন্টেড প্রফেশনাল ট্রেনিং পায়। (৩) ডিজিটাল মার্কেটিংয়ে ইন্ডাস্ট্রির সেরা সেরা এক্সপার্টরাই এখানকার কোর্স মডিউল তৈরি করে। এই আপডেটেড মডিউলে নিজেদেরকে ট্রেন্ড করে এখানকার ছেলেমেয়েরা ডিজিটাল এক্সপার্ট হিসাবে ইন্ডাস্ট্রিতে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে। (৪) আমাদের এখানে বিশেষভাবে 'Work on Live Projects' করানো হয় — যা চাকরির বাজারে এখানকার ছেলেমেয়েদের অ্যাকসেপটেন্স অনেকটাই বাড়িয়ে দেয়। (৫) এখানে স্পেশালাইজড ডেমো ক্লাসের ব্যবস্থা আছে। যা আইটি বা সফটওয়্যার কোম্পানিগুলিতে ইন্টারভিউ দেওয়ার সময় বিশেষভাবে কাজে লাগে। (৬) আমাদের সঙ্গে দেশের তথা রাজ্যের প্রথম সারির সফটওয়্যার কোম্পানিগুলির সঙ্গে এমনভাবে স্ট্র্যাটেজিক টাই আপ করা আছে যে, এখান থেকে পাশ করলে চাকরির জন্য কেউ বসে থাকে না, বরং একসঙ্গে সে ২-৩টি অফার লেটার হাতে পায়। (৭) এখানকার কোর্স ফি ইন্ডাস্ট্রির মধ্যে সবচেয়ে কম। এছাড়াও মাসিক ইনস্টলমেন্টের ব্যবস্থা আছে।' তাই উচ্চমাধ্যমিক পাশ করে ঘরে বসে না থেকে এই রাজ্যেই মাসে ১৫,০০০ থেকে ২০,০০০ টাকা মাইনের চাকরি পেয়ে ৬ থেকে ৭ মাসের মধ্যে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে আজই যোগাযোগ করুন এই নম্বরে- 9429691888 বা চলে আসুন এই ঠিকানায় — Desun Academy, DN-10, Sector-V, Salt Lake, 700091.

**উচ্চমাধ্যমিক যোগ্যতায় ৬ মাসের মধ্যে বছরে ১,৮০,০০০ টাকা থেকে ৩,০০,০০০ টাকা মাইনের চাকরি। প্রতি সপ্তাহে ৩০ থেকে ৪০টি কোম্পানিতে কয়েকশো চাকরি হয়।**

এই প্রথম বেরোল
কর্মসংস্থান
e-য়ারবুক
কেন নেবেন?
যেকোন ধরনের প্রতিযোগিতামূলক পরীক্ষায়, সারা বছরের কোন কোন ঘটনা থেকে প্রশ্ন আসবে তা বাছাই করাটাই আসল। কোন বইতে তা বলা থাকে না।
একমাত্র আমাদের e-বুকেই তা পাবেন। রাজ্যের সেরা সেরা শিক্ষক/শিক্ষিকা, সরকারি আধিকারিকদের নিয়ে স্পেশাল প্যানেলের বাছাই করা ঘটনা ও তার বিশ্লেষণমূলক ব্যাখ্যা ডিজিটালি PDF আকারে পেতে আজই ফোন করুন
6291684943

গত বছরের মতো 'এ' বছরেও
• RPF, NTPC ও জুনিয়র ইঞ্জিনিয়ার পরীক্ষায়
• WBCS প্রিলি পরীক্ষায়
• কলকাতা ও রাজ্য পুলিশে কনস্টেবল পরীক্ষায়
• ৮ কেন্দ্রীয় বাহিনী কনস্টেবল পরীক্ষায়
'Common' পেতে
Last Minute Suggestion
আর
সাব-ইন্সপেক্টর, SSC স্টেনো ও MTS, জেলা আদালত, IBPS সহ সব ধরনের পরীক্ষার Up-to-date স্টাডি মেটেরিয়াল পেতে আজই কিনুন
সাফল্য | সাফল্য সাধারণ জ্ঞান
চাকরির পরীক্ষার একমাত্র ম্যাগাজিন
হেল্প লাইন : 6291684943

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? বিজ্ঞপ্তি কবে বেরোবে? কোথায় যোগাযোগ করবেন?এইসব প্রশ্নের উত্তর জানতে এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।

এই বিভাগে উত্তর পেতে হলে E-mail করুন এইনম্বরে : karmajiggasa@gmail.com ই-মেলে নিজের নাম, পুরো ঠিকানা, ফোন নম্বর উল্লেখ করবেন।

## পুলিশে চাকরির

■ *পশ্চিমবঙ্গ পুলিশ ও কলকাতা পুলিশে গ্রুপ-ডি পদে কবে লোক নেওয়া হবে? শিক্ষাগত যোগ্যতা ও বয়স কী থাকা দরকার? — বাপী সরকার, বি-১০, কল্যাণী, নদিয়া। পার্থ বিশ্বাস, বেথুয়াডহরী, নদিয়া।*

■■ কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশে গ্রুপ-ডি পদে পুলিশ রিক্রুটমেন্ট বোর্ড স্থায়ী পদে নিয়োগ করে না। রাজ্য সরকারের সব দফতরে গ্রুপ-ডি পদে নিয়োগ হয় পশ্চিমবঙ্গ গ্রুপ-ডি রিক্রুটমেন্ট বোর্ড কিংবা পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। গ্রুপ-ডি পদে এবছর নিয়োগ করা হবে পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। এবছর বিজ্ঞপ্তি বেরোবে।

■ *পশ্চিমবঙ্গ পুলিশে সাব-ইন্সপেক্টর পদের বিজ্ঞপ্তি এবছর বেরোবে কি? কেমন শিক্ষাগত যোগ্যতা ও বয়স থাকা দরকার? — শুভজিৎ সন্নিগ্রহী, রামপুরহাট, বীরভূম। বিকাশ গাইন, আরামবাগ, হুগলি।*

■■ হ্যাঁ, বেরোবে। যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা ২০ থেকে ৩০ বছরের মধ্যে বয়স থাকলে আবেদন করতে পারেন। ও.বি.সি. সম্প্রদায়ের প্রার্থীরা ৩ বছর, রূপান্তরকামীরা ৩ বছর, তপশিলী সম্প্রদায়ের প্রার্থীরা ৫ বছর আর পশ্চিমবঙ্গ পুলিশের বিভাগীয় কর্মীরা যথারীতি বয়সে ছাড় পাবেন। শারীরিক প্রতিবন্ধীরা কোনো পদেই আবেদনের যোগ্য নন। সব পদের বেলায় দৃষ্টিশক্তি থাকা দরকার সরকারি স্বাস্থ্য সংক্রান্ত নির্দেশ অনুযায়ী। মূল মাইনে:৩২,১০০-৮২,৯০০ টাকা।

■ *২০২৪-'২৫ আর্থিক বছরে ই.ডব্লু.এস. সার্টিফিকেট পেয়েছি। কলকাতা পুলিশ ও রাজ্য পুলিশের সাব-ইন্সপেক্টর পদের জন্য গ্রাহ্য হবে কি? — বিটু মন্ডল, মঙ্গলকোট, পূর্ব বর্ধমান।*

■■ হ্যাঁ,হবে।

## রেলে চাকরির

■ *রেলে গ্রুপ-ডি পদে কবে থেকে অনলাইনে দরখাস্ত নেওয়া শুরু হবে? শূন্যপদ কি আরো বাড়বে? — সৌরভ খান, বেলিয়াতোড়, বাঁকুড়া।*

■■ ২৩ জানুয়ারি থেকে রেলের গ্রুপ-ডি পদে দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। চলবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। এখন ২,৪৩৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া চলছে। তবে শূন্যপদ আরো বাড়বে।

■ *রেলের ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশন অফ ইন্ডিয়া লিমিটেডে মাল্টি টাস্কিং স্টাফ পদে দরখাস্ত করতে চাই। আমি দৃষ্টিহীন প্রতিবন্ধী (ওয়ান আই ব্লাইন্ড)। কিন্তু এখানে লো ভিশন বিভাগ আছে। আমি কি লো ভিশন বিভাগে দরখাস্ত করতে পারব? — বিশ্বজিৎ সরকার, বাগদা, উত্তর ২৪ পরগনা।*

■■ আপনি লো-ভিশন বিভাগেই দরখাস্ত করুন।

## সি-টেট' পরীক্ষার

■ *'সি-টেট' পরীক্ষার প্রশ্নপত্র বাংলা ভাষায় হয় কি? — বিদীপ্তা রাহা, সূর্য সেন কলোনি, ধূপগুড়ি, জলপাইগুড়ি। তপতি মাঝি, পূর্ব মেদিনীপুর।*

■■ সি-টেট পরীক্ষার প্রশ্ন হবে বাংলা, ইংরিজি-সহ ২০টি আঞ্চলিক ভাষায়।

## প্রাইমারির

■ *প্রাইমারি টেট'এর ২০২৩ সালের ফল কি বেরিয়েছে? না বেরোলে কবে বেরোবে? — জীসান জামান, সিউড়ি, বীরভূম।*

■■ না, ফল বেরোয়নি। যে কোনো সময়েই ফল বেরোবে।

## স্টাফ সিলেকশনের

■ *স্টাফ সিলেকশন কমিশনের ৮ বাহিনীর কনস্টেবল (জেনারেল ডিউটি) পদের পরীক্ষা কবে হবে? অ্যাডমিট কার্ড দেওয়া হচ্ছে কি? — জিসান জামান, সিউড়ি, বীরভূম।*

■■ স্টাফ সিলেকশন কমিশনের ২০২৫ সালের সি.এ.পি.এফ., এস.এস.এফ-এর কনস্টেবল (জেনারেল ডিউটি ), অসম রাইফেলসের রাইফেলম্যান (জেনারেল ডিউটি) ও ন্যারকোটিক্স কন্ট্রোল ব্যুরোর সেপাই পদের পরীক্ষা হবে ৪ থেকে ৭ ফেব্রুয়ারি, ১০ থেকে ১৩ ফেব্রুয়ারি, ১৭ থেকে ২১ ফেব্রুয়ারি আর ২৫ ফেব্রুয়ারি। আরো বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : https://ssc.gov.in

## অন্যান্য চাকরির

■ *কলকাতা মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের সংকার কর্মী পদের ইন্টারভিউ কবে হবে? — আকাশ শীল, আনন্দনগর, ঠাকুরপুকুর, কলকাতা-৬১।*

■■ সংকার কর্মী পদের ইন্টারভিউ ডিসেম্বরে হয়ে গেছে। এখনো ফল বেরোয়নি।

■ *কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের যে পরীক্ষা ২৯ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল কি বেরিয়েছে? দ্বিতীয় পার্টের পরীক্ষায় কী কী বিষয় থাকবে? — অনন্ত ঘোষ, বারাসাত, হাটখোলা, উত্তর ২৪ পরগনা। মুজিবর রহমান, লালগোলা, মুর্শিদাবাদ।*

■■ কলকাতা হাই কোর্টের লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের যে পরীক্ষা ২৯ সেপ্টেম্বর হয়েছিল, তার ফল বেরিয়েছে ১৮ জানুয়ারি। ২৯১টি শূন্যপদের জন্য প্রথম পার্টের পরীক্ষায় সফল হয়েছেন ২,৯৪৭ জন প্রার্থী। সফলদের রোল নম্বরের তালিকা পাবেন এই ওয়েবসাইটে : www.calcuttahighcourt.gov.in সফলদের দ্বিতীয় ফেজের পরীক্ষায় থাকবে : অ্যারিথমেটিক-১০০ নম্বর, ইংরিজি প্রবন্ধ লেখা ও প্রেসি লেখা-১০০ নম্বর, জেনারেল নলেজ -১০০ নম্বর। সময় থাকবে ৩ ঘন্টা। এরপর হবে ১০০ নম্বরের ভাইভা টেস্ট। এখনো দ্বিতীয় পার্টের পরীক্ষার তারিখ ঠিক হয়নি। খুব শিগগিরই দ্বিতীয় পার্টের পরীক্ষার তারিখ ঠিক হবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যেসব পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থান'এ দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা একনজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| গেইল-এ এক্সিকিউটিভ ট্রেনি | গ্র্যাজুয়েট | ১;১৩০ | ১৮-৩-২৫ | https.gailonline.com |
| PSC-র মাধ্যমে অডিট অ্যান্ড অ্যাকাউন্টস অফিসার | গ্র্যাজুয়েট | - | - | www.pscwbapplication.in |
| সুপ্রিম কোর্টে জুনিয়র কোর্ট অ্যাসিস্ট্যান্ট | গ্র্যাজুয়েট | ২৪১ | - | www.sci.gov.in |
| রেলে গ্রুপ-ডি | মাধ্যমিক | ৫৮,২৪২ | ২২-২-২৫ | রেল বোর্ডের ওয়েবসাইট |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে ক্লার্ক | মাধ্যমিক পাশ | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মিসলেনিয়াস সার্ভিসেস পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পরীক্ষার মাধ্যমে অফিসার | গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| DSSSB-এর মাধ্যমে শিক্ষক-শিক্ষিকা | পোস্ট-গ্র্যাজুয়েট | ৪৩২ | ১৪-২-২৫ | https://dsssbonline.nic.in |
| সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশনের জুনিয়র অ্যাসিস্ট্যান্ট সুপারিন্টেন্ডেন্ট | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ২১২ | ৩১-১-২৫ | www.cbse.nic.in |
| এইচ.ডি.এফ.সি. ব্যাঙ্কে প্রবেশনারি অফিসার | গ্র্যাজুয়েট | ৫০০ | ৭-২-২৫ | www://ibps.nic.in |
| PSC-র মাধ্যমে মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর | ডিপ্লোমা | - | - | https://wbpsc.gov.in |
| PSC-র মাধ্যমে রাজ্য সরকারে সহ-শিক্ষিক | গ্র্যাজুয়েট পোস্ট-গ্র্যাজুয়েট | - | - | https://wbpsc.gov.in |
| রেলে শিক্ষক-শিক্ষিকা | HS, গ্র্যাজুয়েট, পোস্ট-গ্র্যাজুয়েট | ১,০৩৬ | ৬-২-২৫ | সংশ্লিষ্ট রেল রিক্রুট. বোর্ডের ওয়েবসাইটে |
| DRDO-তে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | - | ৩১-১-২৫ | http://apprenticeshipindia.gov.in |
| ইউরেনিয়াম কর্পোরেশনে অ্যাপ্রেন্টিস | আই.টি.আই. | ২২৮ | ২-২-২৫ | https://apprenticeshipindia.gov.in |
| হোটেল ম্যানেজমেন্টের সরকারি কোর্সে ভরতি | উচ্চ মাধ্যমিক | ১২,৬৩৫ | ১৫-২-২৫ | www.nchmjee.nta.nic.in |
| ভারত ইলেক্ট্রনিক্সে প্রবেশনারি ইঞ্জিনিয়ার | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ৪৩২ | ১৪-২-২৫ | https://dsssbonline.nic.in |
| ডেডিকেটেড ফ্রেট করিডর কর্পোরেশনে MTS, এক্সিঃ | মাধ্যমিক | ৬৩৯ | ১৬-২-২৫ | https://dfccil.com |
| আর্মিতে টেকনিক্যাল অফিসার | গ্র্যাজুয়েট | ৩৭৯ | ৫-২-২৫ | www.joinindianarmy.nic.in |
| এইমসে ক্লার্ক, টেকনিশিয়ান | উচ্চমাধ্যমিক, গ্র্যাজুয়েট | ৪,৫০০ | ৩১-১-২৫ | www.aiimsexams.ac.in |
| হিন্দুস্তান পেট্রোলিয়ামে জুনিয়র এক্সিকিউটিভ | ডিপ্লোমা | ২৩৪ | ১৪-২-২৫ | www.hindustanpetroleum.com |
| কোল ইন্ডিয়ায় ম্যানেজমেন্ট ট্রেনি | গ্র্যাজুয়েট | ৪৩৪ | ১৪-২-২৫ | www.coalindia.in |
| মাজাগন ডকে অ্যাপ্রেন্টিস | গ্র্যাজুয়েট | ২০০ | ৫-২-২৫ | www.mazagondock.in |
| বর্ডার রোডস অর্গানাইজেশনে মাল্টি স্কিল্ড ওয়ার্কার | মাধ্যমিক. আই.টি.আই. | ৪১১ | ২৫-২-২৫ | www.marvels.bro.gov.in |

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের কোন পরীক্ষা কবে হবে, কোন ওয়েবসাইট থেকে ই-অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ইত্যাদি তথ্য এবার এই বিভাগে দেওয়া হবে।

| পদ | পরীক্ষার তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|
| SSC-CAPFs এর কনস্টেবল (জেনারেল ডিউটি), অসম রাইফেলসের রাইফেলম্যান পরীক্ষা | ৪, ৫, ৬, ৭, ৮, ৯, ১০, ১১, ১২, ১৩, ১৭, ১৮, ১৯, ২০, ২১, ২৪, ২৫ ফেব্রুয়ারি, ২০২৫ | www.ssc.gov.in |
| PSC-WBCS-2024 প্রিলি পরীক্ষা | ৭ সেপ্টেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| পশ্চিমবঙ্গ পুলিশের কনস্টেবল পদের পরীক্ষা | ফেব্রুয়ারি, ২০২৫ | www.wbpolice.gov.in |
| কলকাতা পুলিশের কনস্টেবল পদের প্রিলিমিনারি পরীক্ষা | ফেব্রুয়ারি, ২০২৫ | www.wbpolice.gov.in |
| UPSC কম্বাইন্ড জিও-সায়েন্টিস্ট পদের প্রিলিমিনারি পরীক্ষা | ৯ ফেব্রুয়ারি, ২০২৫ | www.upsc.gov.in |
| UPSC ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস পদের প্রিলিমিনারি পরীক্ষা | ৮ জুন, ২০২৫ | www.upsc.gov.in |
| UPSC-এর কম্বাইন্ড ডিফেন্স সার্ভিস (CDA) (I) পরীক্ষা | ১৩ এপ্রিল, ২০২৫ | www.upsc.gov.in |
| UPSC-এর ন্যাশনাল ডিফেন্স সার্ভিস (NDA) (I) পরীক্ষা | ১৩ এপ্রিল, ২০২৫ | www.upsc.gov.in |
| CSIR-UGC-NET- পরীক্ষা | ১৬-২৮ ফেব্রুয়ারি, ২০২৫ | www.nta.ac.in |
| PSC-Clerkship-23 পার্ট-II পরীক্ষা | ১৫ জুন, ২০২৫ | www.wbpsc.gov.in |
| স্টেট ব্যাঙ্কের (জুনিয়র অ্যাসোসিয়েটস) ক্লার্ক পদের পরীক্ষা | ফেব্রুয়ারি, ২০২৫ | https://bank.sbi/careers |
| PSC-Clerkship-24 পার্ট-I পরীক্ষা | ২৮ ডিসেম্বর, ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৪ প্রিলিমিনারি পরীক্ষা | ২৩ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC- মিসলেনিয়াস সার্ভিসেস -২০২৩ মেনস পরীক্ষা | ১৮ মে ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (নন-টেক) -২০২৪ পরীক্ষা | ৯ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |
| PSC-মোটর ভেহিক্যাল ইন্সপেক্টর (টেক) -২০২৪ পরীক্ষা | ১৬ নভেম্বর ২০২৫ | www.wbpsc.gov.in |

# রেলের গ্রুপ 'ডি'

1. একটি দুই অঙ্কবিশিষ্ট সংখ্যার যোগফল 8। সংখ্যাটির সঙ্গে 36 যোগ করা হলে সংখ্যাটির অঙ্ক দু'টি স্থান পরিবর্তন করবে। সংখ্যাটি কত?
(a) 71 (b) 35 (c) 62 (d) 26

2. $\sqrt{3} = 1.732$ হলে, $(\sqrt{6}+\sqrt{2}) \div (6+2) = ?$
(a) 3.713 (b) 3.752 (c) 3.712 (d) 3.732

3. যদি $\sqrt{225} = 15$ হয় তাহলে; $\sqrt{225} + \sqrt{0.0225} + \sqrt{0.000225} = ?$
(a) 1.645 (b) 1.689 (c) 1.665 (d) 1.675

4. 9 জন লোক একটি রেস্তরাঁয় খেতে গিয়েছিল। এদের মধ্যে 8 জনকে খাবারের জন্য 30 টাকা করে দিতে হয়েছিল ও নবম জনকে, এই 9 জনের গড় খরচের তুলনায় 20 টাকা বেশি দিতে হয়েছিল। তাদের মোট কত টাকা খরচ হয়েছিল?
(a) 292.50 টাকা (b) 272.50 টাকা (c) 312.50 টাকা (d) 325.50 টাকা

5. দু'টি সংখ্যার ল.সা.গু ও গ.সা.গু যথাক্রমে 4284 ও 34। যদি একটি সংখ্যা 204 হয়, তবে অন্য সংখ্যাটি কত?
(a) 714 (b) 718 (c) 700 (d) 614

6. শিবার কাছে তার সহপাঠীদের জন্য 24টি চকলেট, 36টি বিস্কুট ও 60টি আইসক্রিম রয়েছে। সে প্রতিটি জিনিস সহপাঠীদের মধ্যে সমানভাবে ভাগ করে দিতে চায়। সর্বাধিক কতজন সহপাঠী সেখানে উপস্থিত থাকলে সে কোনো জিনিস সংরক্ষণ না করে সম্পূর্ণভাবে বিতরণ করে দিতে পারে?
(a) 6 (b) 18 (c) 12 (d) 15

7. দু'টি সংখ্যা, তৃতীয় সংখ্যার থেকে যথাক্রমে 30% ও 60% বেশি। উভয় সংখ্যার অনুপাত কত?
(a) 14 : 13 (b) 16 : 13 (c) 22 : 23 (d) 13 : 16

8. A, B ও C-এর মধ্যে 86,700 টাকা এমনভাবে ভাগ করা হল যাতে A, 1 টাকা পেলে B, 90 পয়সা পাবে ও B, 1 টাকা পেলে C, 110 পয়সা পাবে। B তার ভাগে কত টাকা পাবে?
(a) 26,010 (b) 27,000 (c) 28,000 (d) 28,090

9. একটি সংখ্যাকে কত দিয়ে গুণ করলে, গুণফল সংখ্যাটির 35% হবে?
(a) $\frac{7}{20}$ (b) 3.5 (c) $\frac{\sqrt{7}}{20}$ (d) $\frac{5}{20}$

10. একটি কাজ করতে Q-এর থেকে P, 50% বেশি সময় নেয়। তারা একসঙ্গে কাজ করলে, কাজটি 18 দিনে শেষ হবে। Q একা কাজটি কত দিনে শেষ করবে?
(a) 30 দিন (b) 22 দিন (c) 24 দিন (d) 25 দিন

11. 50 জন লোক প্রতিদিন 8 ঘণ্টা করে কাজ করে 12 দিনে একটি কাজ শেষ করে। ওই কাজের দ্বিগুণ কাজ 60 জন লোক 16 দিনে শেষ করতে প্রতিদিন কত ঘণ্টা করে কাজ করবে?
(a) 10 ঘণ্টা (b) 12 ঘণ্টা (c) 15 ঘণ্টা (d) 20 ঘণ্টা

12. 4 জন লোক 4 দিনে 4টি মাদুর তৈরি করে। 200 জন লোক 200 দিনে কতগুলি মাদুর তৈরি করবে?
(a) 200টি (b) 10,000টি (c) 1000টি (d) 5000টি

13. একটি ট্রেন 10 মিনিটে 12 কিমি যায়। একটি টেলিগ্রামের খুঁটি অতিক্রম করতে যদি ট্রেনটির 8 সেকেন্ড সময় লাগে, তবে ট্রেনটির দৈর্ঘ্য কত মিটার?
(a) 90 (b) 100 (c) 120 (d) 140

14. একজন ব্যক্তি 70 মিটার দীর্ঘ প্ল্যাটফর্মে দাঁড়িয়ে আছে। একটি ট্রেন 5.5 সেকেন্ডে প্ল্যাটফর্মটি অতিক্রম করে, কিন্তু ট্রেনটি সেই ব্যক্তিকে 2 সেকেন্ডে অতিক্রম করে। ট্রেনের দৈর্ঘ্য কত মিটার?
(a) 80 (b) 45 (c) 60 (d) 40

15. একটি নৌকা স্রোতের প্রতিকূলে শহর P থেকে শহর Q এর দিকে যায় ও তারপর এটি শহর Q থেকে শহর P তে স্রোতের অনুকূলে ফিরে আসে। যদি স্থির জলে নৌকার গতি 35 কিমি/ঘণ্টা হয় ও স্রোতের গতি 5 কিমি/ঘণ্টা হয়, তাহলে মোট যাত্রায় নৌকার গড় গতিবেগ কত ছিল?
(a) 36.28 কিমি/ঘণ্টা (b) 34.28 কিমি/ঘণ্টা
(c) 35 কিমি/ঘণ্টা (d) 33.33 কিমি/ঘণ্টা

16. 2015 সালে ভারতের পরিকল্পনা কমিশনের জায়গায় কোন প্রতিষ্ঠানটি প্রতিষ্ঠিত হয়েছিল?
(a) SEBI (b) RBI (c) NABARD (d) NITI আয়োগ

17. কোন ভারতীয় সঙ্গীতশিল্পী প্রথম কণ্ঠশিল্পী হিসাবে সর্বোচ্চ বেসামরিক সম্মান 'ভারতরত্ন' পান?
(a) এম.এস. শুভলক্ষ্মী (b) এ.আর. রহমান (c) আর. ডি. বর্মন (d) জাকির হুসেন

## RRB Exam

# রেলের গ্রুপ 'ডি'



রেলে গ্রুপ-ডি পদে ৩২,৪৩৮টি শূন্যপদের জন্য দরখাস্ত নেওয়া শুরু হয়েছে। চলবে ২২ ফেব্রুয়ারি পর্যন্ত। প্রার্থী বাছাইয়ে কম্পিউটার বেসড পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েস টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল সায়েন্স - ২৫ নম্বর, (২) অঙ্ক - ২৫ নম্বর, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং - ৩০ নম্বর, (৪) জেনারেল অ্যাওয়ারনেস অ্যান্ড কারেন্ট অ্যাফেয়ার্স - ২০ নম্বর। সময় থাকবে মোট দেড় ঘণ্টা। এই পরীক্ষায় নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। প্রশ্ন হবে বাংলায়। এই পরীক্ষায় ঠিক যে ধরনের প্রশ্ন আসার সম্ভাবনা তেমনই ৫০টি প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করলেন চাকরির পরীক্ষার বিশেষজ্ঞ কমল বৈদ্য।

18. 76তম 'প্রজাতন্ত্র দিবস'এ ভারতে প্রধান অতিথি হিসাবে এসেছেন প্রবোও সুবিয়ান্তো। তিনি কোন দেশের প্রেসিডেন্ট?
(a) শ্রীলঙ্কা (b) ইন্দোনেশিয়া
(c) মালয়েশিয়া (d) ভিয়েতনাম

19. ব্যাডমিন্টন সম্পর্কে নিচের কোন উক্তিটি সঠিক?
I. ব্যাডমিন্টন খেলার শুরুতে ও যখন স্কোর সমান হয়, সার্ভার বাম সার্ভিস কোর্ট থেকে সার্ভ করে।
II. সার্ভার ও রিসিভার সর্বদা বিপরীত সার্ভিস কোর্টে দাঁড়িয়ে থাকে, তবে একই দিকে।
(a) I বা II কোনোটিই নয় (b) শুধুমাত্র I
(c) শুধুমাত্র II (d) I ও II উভয়ই

20. ......... হল একটি দেশ বা, একটি দেশের সুসংজ্ঞায়িত অংশের সব ব্যক্তির একটি নির্দিষ্ট সময়ে জনতাত্ত্বিক, অর্থনৈতিক ও সামাজিক তথ্য সংগ্রহ, সংকলন, বিশ্লেষণ ও প্রচারের সম্পূর্ণ প্রক্রিয়া।
(a) জাতীয় সমীক্ষা (b) আদমশুমারি
(c) সংবিধান (d) জনসংখ্যা

21. বিচারকের অপসারণের বিষয়ে নিচে দেওয়া বিবৃতিটি সম্পূর্ণ করুন। ভারতীয় সংবিধান .......
(a) বিচারকদের অপসারণের জন্য একটি অত্যন্ত নমনীয় পদ্ধতি নির্ধারণ করে
(b) বিচারকদের অপসারণের জন্য একটি অত্যন্ত জটিল পদ্ধতি নির্ধারণ করে।
(c) বিচারকদের অপসারণের জন্য কোনো পদ্ধতি নির্ধারণ করে না।
(d) শুধুমাত্র উচ্চ আদালতের বিচারকদের অপসারণের জন্য একটি পদ্ধতি নির্ধারণ করে।

22. 'ওপেন নেটওয়ার্ক ফর ডিজিটাল কমার্স' (ONDC) হল ............ এর একটি উদ্যোগ।
(a) শিল্প ও অভ্যন্তরীণ বাণিজ্যের প্রচার বিভাগ
(b) তথ্য ও সম্প্রচার মন্ত্রক
(c) NITI আয়োগ
(d) পরিসংখ্যান ও কর্মসূচি বাস্তবায়ন মন্ত্রক

23. মেন্ডেলিভ যখন তার কাজ শুরু করেন, সেই সময়ে কতগুলি মৌল পরিচিত ছিল?
(a) 36 (b) 29 (c) 63 (d) 47

24. ভারতীয় উপমহাদেশে প্রচলিত লিপির প্রাচীনতম রূপটির নাম কী?
(a) সংস্কৃত (b) পালি (c) সিন্ধু (d) ব্রাহ্মী

25. 'রঙ্গস্বামী কাপ' কোন ক্রীড়ার সঙ্গে জড়িত?
(a) ব্যাডমিন্টন (b) ফুটবল
(c) টেনিস (d) হকি

26. 'বরশ' (Barash) হল হিন্দু উৎসব দীপাবলির মতো, যা ............ উপজাতির মাধ্যমে পালিত হয়।
(a) ভার্লি ও কোকনা (b) সাঁওতাড়
(c) গোন্ড ও ভীল (d) মুণ্ডা

27. ............ হল অর্থ যোগান সম্পর্কিত সর্বাধিক ব্যবহৃত পরিমাপ।
(a) M3 (b) M2 (c) M1 (d) M4

28. 'সত্যশোধক সমাজ'এর প্রতিষ্ঠাতা কে?
(a) হরিদাস ঠাকুর (b) ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর
(c) জ্যোতিরাও ফুলে (d) ঘাসিদাস

29. মহিলা সংরক্ষণ বিল, 2023 অনুসারে, লোকসভা ও রাজ্য বিধানসভায় মহিলাদের জন্য কতগুলি আসন সংরক্ষিত?
(a) দুই-তৃতীয়াংশ (b) এক-তৃতীয়াংশ
(c) এক চতুর্থাংশ (d) অর্ধেক

30. অ্যাথলেটিক্সে IAAF ওয়ার্ল্ড চ্যাম্পিয়নশিপ ............... সাল থেকে সম্পূর্ণ পেশাদার প্রতিযোগিতায় পরিণত হয়েছে।
(a) 1997 (b) 1993 (c) 1995 (d) 1991

**নির্দেশ (31–32) :** *নিচের প্রতিটি প্রশ্নে সঠিক শব্দ/সংখ্যাকে চিহ্নিত করুন বিষয়গুলির মধ্যে থেকে:*

31. 13 : 19 :: 21 : ?
(a) 41 (b) 81 (c) 141 (d) 14

32. ফায়ার প্লেস : : ?
(a) ইউনিফর্ম : স্কুল (b) ক্লাউড : রেন
(c) মুন : স্কাই (d) শু : পালিশ

33. 29 জানুয়ারি, 2003 দিনটি বুধবার হলে, 2005 সালের 26 ফেব্রুয়ারি সপ্তাহের কোন দিন হবে?
(a) শনিবার (b) রবিবার (c) বৃহস্পতিবার (d) শুক্রবার

34. সঠিক গাণিতিক চিহ্নগুলির সমন্বয়টি চিহ্নিত করুন, যা ক্রমানুসারে স্টার স্থানে বসালে নিচের সমীকরণটি সঠিক হবে।
11*15*78* 6* 18* 160
(a) +, ×, ÷, −, = (b) +, ×, −, ÷, =
(c) ×, +, ÷, −, = (d) ×, +, −, ÷, =

35. দু'টি বিবৃতি ও দু'টি উপসংহার I ও II দেওয়া হয়েছে। ধরে নিতে হবে বিবৃতিতে দেওয়া তথ্য সঠিক, প্রচলিত ধারণার পরিপন্থী হলেও। নির্ণয় করুন কোন উপসংহার বিবৃতির সঙ্গে যুক্তিসঙ্গতভাবে প্রযোজ্য:
বিবৃতি:
কিছু আলু হচ্ছে পেঁয়াজ
কিছু পেঁয়াজ হচ্ছে টমেটো
উপসংহার।
I. কিছু টমেটো হচ্ছে পটেটো
II. কোনো টমেটো পটেটো নয়
(a) শুধু উপসংহার II প্রযোজ্য (b) শুধু উপসংহার I প্রযোজ্য
(c) উপসংহার I বা, II প্রযোজ্য (d) উপসংহার I ও II উভয়ই প্রযোজ্য

36. এক সাংকেতিক ভাষায়, "sam to ba" এর অর্থ "Gandhi was great", "hotem gun" এর অর্থ "Prime Minister is powerful" ও "sam sun ho" এর অর্থ "Indian is great" হলে, ওই সাংকেতিক ভাষায় "India"এর সংকেত কী?
(a) Sam (b) ho (c) Sun (d) হয় Sam বা, Sun

**নির্দেশ (37-38) :** *নিচের প্রতিটি প্রশ্নে ব্যতিক্রমী শব্দ/সংখ্যার জুটিকে বিকল্পগুলির মধ্যে থেকে চিহ্নিত করুন:*

# রেলের গ্রুপ 'ডি'

37. (a) Mar (b) Remedy (c) Maim (d) Mutilate

38. (a) 6246-6296 (b) 7137–7267
(c) 4344 – 4684 (d) 5235 – 5465

**নির্দেশ (39–40) :** *নিচের প্রতিটি প্রশ্নে সঠিক বিকল্পটিকে চিহ্নিত করে সিরিজগুলিকে সম্পূর্ণ করুন:*

39. DA, HE, LI, ?, TN
(a) PJ (b) PT (c) PM (d) PK

40. B E I N T ?
(a) X (b) Y (c) A (d) Z

41. সঠিক উত্তর চিত্রটিকে চিহ্নিত করুন যার মধ্যে প্রশ্নচিত্রটি খোদিত রয়েছে (ছবিটি ঘোরানো যাবে না)।
প্রশ্নচিত্র:



Figure X

উত্তর চিত্র:



42. বিকল্পগুলির মধ্য থেকে প্রশ্নচিত্রটির সঠিক মিরর ইমেজটিকে চিহ্নিত করুন যদি আয়নাটিকে প্রশ্নচিত্রের ডান দিকে রাখা হয়।
প্রশ্নচিত্র:




উত্তর চিত্র:



43. সঠিক বিকল্পটিকে চিহ্নিত করুন যাতে প্রশ্নে দেওয়া শব্দগুলি ইংরিজি অভিধান অনুযায়ী সঠিক ক্রমে রয়েছে।
1. Sourced 2. Sorrow 3. Soulful
4. Saoldng 5. Somewhere
(a) 5, 4, 3, 2, 1 (b) 4, 5, 2, 3, 1 (c) 5, 4, 1, 2, 3 (d) 4, 5, 3, 2, 1

44. যদি L হয় ×, M হয় ÷, P হয় +, Q হয় −, তাহলে 16 P 24 M 8 Q 6 M 2 L 3 = ?
(a) 10 (b) 9 (c) 12 (d) 11

45. FLATTER এর সংকেত 7238859 ও MOTHER এর সংকেত 468159 হলে MAMMOTH-এর সংকেত কী?
(a) 4344681 (b) 4344651 (c) 4146481 (d) 4346481

46. সঠিক বিকল্পটিকে চিহ্নিত করুন যা নিচে প্যাটার্নটিকে সম্পূর্ণ করবে প্রশ্নচিহ্নের (?) স্থানে বসে।
প্রশ্নচিত্র:



উত্তর চিত্র:



47. সঠিক বিকল্প চিত্রটিকে চিহ্নিত করুন যা প্রশ্নচিহ্নের (?) স্থানে বসে সিরিজটিকে সম্পূর্ণ করবে।
প্রশ্নচিত্র:



উত্তর চিত্র:



48. নিচের অক্ষরের সিরিজে কতগুলি PQR পাশাপাশি রয়েছে?
QMPNPQRRQPQNQPPQRP
MQROPQQRPPRRPQRP
(a) 5 (b) 6 (c) 4 (d) 3

এরপর ৮ পাতায়

# রেলের গ্রুপ 'ডি'

৭ পাতার পর

49. একটি কাগজ ভাঁজ করা ও কাটার দাগগুলি প্রশ্নচিত্রে দেওয়া হয়েছে। ভাঁজ খুললে কাগজটি কেমন দেখতে হবে তা উত্তর চিত্রগুলির মধ্য থেকে চিহ্নিত করুন।

প্রশ্নচিত্র:



উত্তর চিত্র:




50. SEARCH এর সংকেত TFBSDI হলে PENCIL এর সংকেত কী হবে?
(a) RGPEN (b) LICNEP (c) QFODJM (d) QDMBHK

## চটপট উত্তরের বিশ্লেষণ

1(d). মনে করি, সংখ্যাটি 10x+y
প্রশ্নানুসারে, x+y = 8 ...... (i)
(10x+y) + 36 = 10y + x
9y − 9x = 36 y − x = 4 ....... (ii)
সমীকরণ (i) ও সমীকরণ (ii) থেকে পাই,
x = 2, y = 6
তাই, সংখ্যাটি হল = 10x + y = 10 × 2 + 6 = 26.

2(d). $\frac{\sqrt{6}+\sqrt{2}}{\sqrt{6}-\sqrt{2}} = \frac{\sqrt{2}(\sqrt{3}+1)}{\sqrt{2}(\sqrt{3}-1)}$

$= \frac{1.732+1}{1.732-1} = \frac{2.732}{0.732} = 3.732$ [$\because \sqrt{3} = 1.732$]

3(c). $\sqrt{225}+\sqrt{0.0225}+\sqrt{0.000225}$
= 1.5 + 0.15 + 0.015 = 1.665

4(a). মনে করি, 9 জন লোকের মোট ব্যয় হয়েছিল x টাকা।
প্রশ্নানুযায়ী,
$\frac{x}{9}+20+30 \times 8 = x$ বা, x = 292.50
তাহলে তাদের মোট ব্যয় হয়েছিল 292.50 টাকা।

5(a). মনে করি, অন্য সংখ্যাটি হল x.
তাহলে 204 × x = 4284 × 34 বা, x = 714

6(c). প্রশ্নানুসারে, চকলেট, বিস্কুট ও আইসক্রিমের সংখ্যা যথাক্রমে- 24, 36, 60.
সহপাঠীর সর্বাধিক সংখ্যা = 24, 36, 40-এর গ.সা.গু
24 = 2 × 2 × 2 × 3
36 = 2 × 2 × 3 × 3
60 = 2 × 2 × 3 × 5
গ.সা.গু = 2 × 2 × 3 = 12

7(d). মনে করি, তৃতীয় সংখ্যা 100
প্রথম সংখ্যা 130, দ্বিতীয় সংখ্যা 160
তাহলে সংখ্যা দু'টির অনুপাত 130 : 160 = 13 : 16

8(b). B, 90 পয়সা পেলে A, 100 পয়সা পাবে।
তাহলে B, 100 পয়সা পেলে A পাবে $\frac{100}{90} \times 100$ পয়সা
$= \frac{1000}{9}$ পয়সা।
আবার B, 100 পয়সা পেলে C, 110 পয়সা পাবে।
তাহলে A : B : C = $\frac{1000}{9}$ : 100 : 110 = 1000 : 900 : 990
তাহলে B তার ভাগে পাবে = $\frac{900}{1000+900+990} \times 86{,}700 = 27{,}000$

9(a). মনে করি, সংখ্যাটি x ও তাকে y দিয়ে গুণ করা হল।
প্রশ্নানুযায়ী, $xy = \frac{35}{100}x$ বা, $y = \frac{35}{100} = \frac{7}{20}$

10(a). মনে করি, কাজটি করতে Q-এর সময় লাগবে x দিন, তাহলে কাজটি করতে P-এর সময় লাগবে 1.5x দিন।
একসঙ্গে কাজটি করতে P ও Q-এর সময় লাগে 18 দিন
Q-এর একা কাজটি করতে সময় লাগবে =
$\frac{1}{x}+\frac{1}{1.5x} = \frac{1}{18}$
বা, $\frac{1.5+1}{1.5x} = \frac{1}{18}$ বা, $\frac{2.5}{1.5x} = \frac{1}{18}$ বা, $x = \frac{18 \times 2.5}{1.5}$ বা, x=30

11(a). 12(b). নির্ণেয় মাদুর সংখ্যা w হলে, প্রশ্নানুসারে
4 × 4 × w = 200 × 200 × 4
তাহলে w =10000

13(c). ট্রেনটি 10 মিনিটে 12 কিলোমিটার দূরত্ব অতিক্রম করে।
তাহলে ট্রেনটি 1 সেকেন্ডে করে $\frac{12 \times 1000}{60 \times 10}$ মিটার দূরত্ব অতিক্রম
তাহলে ট্রেনটি 6 সেকেন্ডে $\frac{12 \times 1000 \times 6}{60 \times 10}$ মিটার বা, 120 মিটার দূরত্ব অতিক্রম করে। তাহলে ট্রেনটির দৈর্ঘ্য 120 মিটার।

14(d). মনে করি, ট্রেনটির দৈর্ঘ্য x মিটার
$\frac{x}{2} = \frac{(x+70)}{5.5}$
বা, 2x + 140 = 5.5x বা, 3.5x = 140 বা, x = $\frac{1400}{35}$
বা, x = 40. তাহলে ট্রেনটির দৈর্ঘ্য 40 মিটার।

15(b). স্রোতের প্রতিকূলে নৌকাটির গতিবেগ
35 − 5 = 30 কিলোমিটার / ঘন্টা
স্রোতের অনুকূলে নৌকাটির গতিবেগ 35 + 5 = 40 কিলোমিটার / ঘন্টা।
তাহলে, নৌকাটির গড় গতিবেগ = $\frac{2ab}{a+b}$
$= \frac{2 \times 40 \times 30}{40+30} = 34.28$ কিলোমিটার/ঘন্টা।

16(d). 17(a). 18(b). 19(a). 20(b). 21(a). 22(a). 23(c). 24(c). 25(d). 26(a). 27(a). 28(c). 29(b). 30(a).

31(a). $(1)^2 = 1 : (3)^2 = 9 \longrightarrow 19$
অনুরূপভাবে, $(2)^2 = 4 : (1)^2 = 1 \longrightarrow 41$.

32(b). আগুনের জন্য ধোঁয়া হয়। কোনো কিছু আগুণে পুড়লে ধোঁয়া হয়। অনুরূপভাবে, মেঘ থেকে বৃষ্টি হয়।

33(a). 2003 থেকে 26 ফেব্রুয়ারি 2005 সাল পর্যন্ত দিনের সংখ্যা
= 336 + 366 + 31 + 26
= 759 = 108 সপ্তাহ ও বিজোড় দিন।
তাহলে 26 ফেব্রুয়ারি,
2005 = বুধবার + 3 = শনিবার।

34(c). 11*15*78* 6* 18* 160
⟶ 11 × 15 + 78 ÷ 6 − 18 = 160
⟶ 11 × 15 + 13−18 = 160
⟶ 165 + 13 − 18 = 160
⟶ 178 − 18 = 160
⟶ 160 = 160

35(c). 36(c). 37(b). রেমেডি ছাড়া বাকিগুলি কিছুনা কিছুর ক্ষতি বোঝায়।

38(a). 6246 – 6296 সংখ্যার জুটিতে দু'টি সংখ্যার অন্তর সবথেকেকম
6296 − 6246 = 50
7267 − 7137 = 130
4684 − 4344 = 340
5465 − 5235 = 230

39(a). 40(c). 41(a). 42(a). 43(b).

44(a). 16 P 24 M 8 Q 6 M 2 L 3 = ?
16 + 24 ÷ 8 − 6 ÷ 2 × 3
= 16 + 3 − 3 × 3 = 16 + 3 − 9 = 10

45(a). 46(b).

47(d). প্রতি পরবর্তী চিত্রে, ছায়াবৃতদ ত্রিভুজ এক ধাপ ঘড়ির কাঁটার অভিমুখে যায় ও 90° ঘড়ির কাঁটার দিকে ঘোরে। অন্য নকশাটি 90° ঘড়ির কাঁটার দিকে ঘোরে।

48(d). 49(b).

50(c).




অনুরূপভাবে,




# সাধারণ জ্ঞান

## সাধারণ বিজ্ঞান

১। শক্তি উৎপাদনের অপ্রচলিত উৎস কী — জৈব গ্যাস।
২। যানবাহনে বল বিয়ারিং ব্যবহৃত হয় কেন — ঘর্ষণ কমানোর জন্য।
৩। কোন ধাতু স্টিলের মতো শক্ত, কিন্তু ওজনে অর্ধেক — টিটেনিয়াম (প্রতীক : Ti ও পারমাণবিক সংখ্যা 22)।
৪। পেণ্ডুলামকে চাঁদে নিয়ে গেলে তার সময়ে কী পরিবর্তন ঘটবে — বাড়বে।
৫। কোন জলজ জীব বাতাসে নিঃশ্বাস নেয় — শুশুক।
৬। প্রতিবছর ২৩ অক্টোবর সকাল ৬:০২ থেকে সন্ধ্যে ৬:০২ পর্যন্ত রসায়ন জগতে কোন দিন উদযাপন করা হয় — মোল দিন (অ্যাভোগাড্রো সংখ্যা আবিষ্কারের প্রতি শ্রদ্ধা জানিয়ে এই দিনটি পালিত হয়)।
৭। জিনের রাসায়নিক গঠনের প্রধান উপাদান কী — ডিএনএ।
৮। 'সরল পেরিস্কোপ'এ আলোর কোন নীতিকে কাজে লাগানো হয় — প্রতিফলন।

## ইতিহাস

৯। কুতুব শাহী রাজবংশের প্রতিষ্ঠাতা ছিলেন কে — কুলি কুতুব শাহ (১৫১৮ খ্রিস্টাব্দে)।
১০। ফিরোজ শাহ তুঘলকের রাজত্বকালে ভূমি কর কী নামে পরিচিত ছিল — খরাজ।
১১। কোন মোগল সম্রাট 'দীন পানাহ'কে (বিশ্বের আশ্রয়স্থল) তাঁর দ্বিতীয় রাজধানী হিসাবে নির্মাণ করেছিলেন — হুমায়ুন।
১২। কোন চালুক্য রাজা অশ্বমেধ যজ্ঞ করেছিলেন — প্রথম পুলকেশি (চালুক্য বংশের প্রথম শাসক ছিলেন তিনি)।
১৩। পাল রাজবংশের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন কে — গোপাল (অষ্টম শতাব্দীর দিকে এই ভিত্তিপ্রস্তর স্থাপন করেন তিনি)।
১৪। মৌর্য সাম্রাজ্যের রাজধানী কী ছিল — পাটলিপুত্র।
১৫। কোন উপনিষদে ব্যক্তির জীবনের ৪টি আশ্রমের স্পষ্ট উল্লেখ রয়েছে — জাবালা উপনিষদ (৪টি আশ্রম হল : ব্রহ্মচর্য, গৃহস্থ, বাণপ্রস্থ ও সন্ন্যাস)।
১৬। গৌতম বুদ্ধ কোন স্থানে তাঁর প্রথম ধর্মোপদেশ দিয়েছিলেন — সারনাথ।

## ভূগোল

১৭। বিখ্যাত 'আঙ্কোরভাট' মন্দিরটি দক্ষিণ-পূর্ব এশিয়ার কোন দেশে অবস্থিত — কাম্বোডিয়া (এটি বিশ্বের বৃহত্তম ধর্মীয় স্মৃতিস্মম্ভ)।
১৮। এশিয়ার দীর্ঘতম নদী কোনটি — ইয়াংজে নদী (সম্পূর্ণরূপে চিনের মধ্যে প্রবাহিত এই নদীটি ৩,৯১৫ মাইল (৬,৩০০ কিলোমিটার) দীর্ঘ)।
১৯। 'পাকায়া' আগ্নেয়গিরি কোথায় অবস্থিত — গুয়াতেমালা।
২০। রাজস্থানের মোট আয়তনের কত ভাগ 'থর মরুভূমি'র মাধ্যমে আচ্ছাদিত — প্রায় ৬০% ('থর মরুভূমি' প্রায় ২,০০,০০০ বর্গমাইল এলাকা জুড়ে বিস্তৃত)।
২১। পূর্বঘাট ও পশ্চিমঘাট যেখানে মিলিত হয়েছে, সেখানে কোন পাহাড় অবস্থিত — নীলগিরি।
২২। 'রাজঘাট নদী উপত্যকা প্রকল্প' কোন নদীর সঙ্গে সম্পর্কিত — বেতোয়া।
২৩। কোন পাহাড়ি স্থানটিকে 'আন্ধ্রা প্রদেশের উটি' হিসাবে বিবেচনা করা হয় — আরাকু ভ্যালি।
২৪। 'চাংটাং' মালভূমি ভারতের কোন স্থানে অবস্থিত — লাদাখ।

## সাম্প্রতিক ঘটনা

২৫। ২০২৪ সালে BRICS সম্মেলন কোথায় হয়েছে — রাশিয়ার কাজান।
২৬। ভারত ও দক্ষিণ এশিয়ায় নিজেদের নতুন সদরদফতর ও প্রশিক্ষণ কেন্দ্র চালু করল কোন সংস্থা — ওয়্যারবার্গ (এটি জাতীয় রাজধানী অঞ্চলে অবস্থিত)।
২৭। ইউরোপীয় সংসদের তরফ থেকে, 'চিন্তার স্বাধীনতার জন্য শাখারভ পুরস্কার' পেলেন কারা — ভেনেজুয়েলার বিরোধী নেতা মারিয়া করিনা মাচাদো ও এডমুন্ডো গঞ্জালেজ (রাজনৈতিক অস্থিরতার মধ্যেও ভেনেজুয়েলার জনগণের স্বাধীনতা ও গণতন্ত্র পুনরুদ্ধারে তাঁদের অক্লান্ত প্রচেষ্টার স্বীকৃতি হল এই পুরস্কার)।
২৮। কোন দেশের ধর্মীয় স্থানগুলিকে আলোকিত করতে, সোলার রুফটপ সিস্টেম সরবরাহ করল ভারত — শ্রীলঙ্কা।
২৯। 'আন্তর্জাতিক বামন সচেতনতা দিবস'কবে পালিত হয় — ২৫ অক্টোবর।
৩০। যুক্তরাজ্যের মর্যাদাপূর্ণ 'মহাত্মা গান্ধী লিডারশিপ পুরস্কার'এ ভূষিত হলেন কে



— ভারতীয় অভিনেতা তথা সমাজসেবী দারাসিং খুরানা ('কমনওয়েলথ ইয়ার অফ ইয়ুথ চ্যাম্পিয়ন' হিসাবে, মানসিক স্বাস্থ্য সংক্রান্ত বিষয়ে সচেতনতা বাড়ানোর ক্ষেত্রে তাঁর অসামান্য কাজের স্বীকৃতি হিসাবে এই সম্মান পেলেন তিনি)।
৩১। সুইডেনে, ভারতের পরবর্তী রাষ্ট্রদূত হিসাবে নিযুক্ত হলেন কে — ড.নীনা মলহোত্রা।
৩২। ২০২৪ সালে 'আন্তর্জাতিক গীতা মহোৎসব' ভারতের কোন রাজ্যে হয়েছে — হরিয়ানা।
৩৩। এবছর প্রথম 'গ্লোবাল নেচার কনজার্ভেশন ইনডেক্স'এ, ভারতের স্থান কত — ১৭৬ (এই তালিকায় শীর্ষ স্থানে রয়েছে ইউরোপের ছোট দেশ লুক্সেমবার্গ)।
৩৪। কয়লা থেকে বিদ্যুৎ উৎপাদন বন্ধ করা প্রথম দেশ কোনটি — যুক্তরাজ্য।
৩৫। 'ওয়ার্ল্ড স্টিল অ্যাসোসিয়েশন'এর চেয়ারম্যান হিসাবে নির্বাচিত হলেন কে — টি.ভি.নরেন্দ্রন।
৩৬। ভারত ও জার্মানি তাদের সপ্তম আন্তঃসরকারি পরামর্শ কোথায় আয়োজন করেছে — নয়া দিল্লি।
৩৭। সম্প্রতি প্রয়াত পদার্থবিদ রোহিনী এম.গডবোলে (৭১ বছর) কোন পুরস্কারে ভূষিত হয়েছিলেন — পদ্মশ্রী (২০১৯ সালে)।
৩৮। 'জামিয়া মিলিয়া ইসলামিয়া'র ভাইস চ্যান্সেলর হিসাবে নিযুক্ত হলেন কে — মাজহার আসিফ।

সঙ্কলক : পলি দেওয়ান

# রেলে ৩২,৪৩৮ গ্রুপ 'ডি'

১ পাতার পর

প্রার্থী বাছাই পরীক্ষা : সব রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায়ই প্রার্থী বাছাইয়ের জন্য কম্পিউটার বেসড টেস্ট, শারীরিক সক্ষমতার পরীক্ষা ও সার্টিফিকেট ভেরিফিকেশন হবে।

কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে। এই পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে : (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স)-২০টি, (২) অঙ্ক-২৫টি, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং-৩০টি, (৪) জেনারেল সায়েন্স-২৫টি। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচী, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। পরীক্ষার ই-কল লেটার ওয়েবসাইট থেকে ডাউনলোড করে নেবেন। সফল হলে শারীরিক সক্ষমতার পরীক্ষা হবে। এই পরীক্ষায় থাকবে ছেলেদের বেলায় — (ক) ৩৫ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৪ মিনিট ১৫ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)।

মেয়েদের বেলায় — (ক) ২০ কেজি ওজনের বস্তুকে নিয়ে ২ মিনিটে ১০০ মিটার দূরত্ব লিফট ও বহন করা (এক বার সুযোগ পাবেন), (খ)৫ মিনিট ৪০ সেকেন্ডে ১,০০০ মিটার দৌড়তে হবে (এক সুযোগে)। এরপর হবে সার্টিফিকেট ভেরিফিকেশন। সব শেষে হবে ডাক্তারি পরীক্ষা।

দরখাস্ত করবেন অনলাইনে, ২২ ফেব্রুয়ারির মধ্যে। যিনি যে রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করতে চান, সেই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ওয়েবসাইটে দরখাস্ত করবেন। এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের রঙিন ফটো (২০-৫০ কেবির মধ্যে) ও সিগনেচার (৫০-১০০ কেবির মধ্যে) আর তপশিলীদের বেলায় কাস্ট সার্টিফিকেট (৫০-১০০ কেবির মধ্যে) স্ক্যান করে নেবেন। তখন পরীক্ষা ফী বাবদ ৫০০ (তপশিলী, প্রতিবন্ধী, মহিলা, প্রাক্তন সমরকর্মী, ট্রান্সজেন্ডার, সংখ্যালঘু, অর্থনৈতিকভাবে পিছিয়ে পড়া প্রার্থীদের বেলায় ২৫০) টাকা অনলাইনে জমা দেবেন ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড বা, নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ২৪ ফেব্রুয়ারির মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নেবেন। দরখাস্ত করতে ভুল হলে সংশোধন করতে পারবেন ২৫ ফেব্রুয়ারি থেকে ৬ মার্চের মধ্যে।

সাধারণ প্রার্থীরা প্রথম পর্যায়ের পরীক্ষা দিয়ে থাকলে ৪০০ টাকা আর তপশিলী, প্রাক্তন সমরকর্মী, প্রতিবন্ধী, মহিলা, সংখ্যালঘু বা, অর্থনৈতিভাবে দুর্বল প্রার্থীরা২৫০ টাকা ফেরৎ পাবেন।

কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় কোন ওয়েবসাইটে দরখাস্ত করবেন : কলকাতা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbkolkata.gov.in, রাঁচি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbranchi.gov.in, পটনা রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbpatna.gov.in, গুয়াহাটি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbguwahati.gov.in, আহমেদাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbahmedabad.gov.in, আজমীর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbajmer.gov.in, প্রয়াগরাজ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbald.gov.in, বেঙ্গালউরু রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbnc.gov.in, ভোপাল রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbhopal.gov.in, ভুবনেশ্বর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbbs.gov.in, বিলাসপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbbilaspur.nic.in, চণ্ডীগড় রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbcdg.gov.in, চেন্নাই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbchennai.gov.in, গোরখপুর রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbgkp.gov.in, মুম্বই রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbmumbai.gov.in, সেকেন্দ্রাবাদ রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় এই ওয়েবসাইটে : www.rrbsecunderabad.gov.in.

**কোন রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের অধীনে কোন রেলে ক'টি শূন্যপদ :**

**(ক) পূর্ব রেলে শূন্যপদ ১,৮১৭টি।**

(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি) পদে এস অ্যান্ড টি বিভাগে পূর্ব রেলে ১০২টি (জেনাঃ ৪৬, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. ২৬, ই.ডব্লু.এস. ৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২০, সি.সি.এ.এ. ২০, প্রতিবন্ধী ৭।

(২) অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ) পদে মেকানিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ৩২টি (জেনাঃ ১৫, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬, সি.সি.এ.এ. ৬, প্রতিবন্ধী ২।

(৩) অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ) পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে ৩০৮টি (জেনাঃ ১২৯, তঃজাঃ ৪৫, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৮২, ই.ডব্লু.এস. ২৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬২, সি.সি.এ.এ. ৬২, প্রতিবন্ধী ২৬।

(৪) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, ও.বি.সি. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

(৫) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে ১৩৫টি (জেনাঃ ৬০, তঃজাঃ ১৩, তঃউঃজাঃ ১০, ও.বি.সি. ৪০, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৭, সি.সি.এ.এ. ২৭, প্রতিবন্ধী ৬।

(৬) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল) পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব রেলে ৪১টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮, সি.সি.এ.এ. ৮, প্রতিবন্ধী ৬।

(৭) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৭৭টি (জেনাঃ ৩৫, তঃজাঃ ১৪, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৬, সি.সি.এ.এ. ১৬, প্রতিবন্ধী ১৩।

(৮) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৪১টি (জেনাঃ ১৮, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ৯, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, সি.সি.এ.এ. ৯, প্রতিবন্ধী ৮।

(৯) অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ১৯)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

(১০) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ১৭৭টি (জেনাঃ ৭৮, তঃজাঃ ২৬, তঃউঃজাঃ ১৩, ও.বি.সি. ৪৮, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩৫, সি.সি.এ.এ. ৩৫, প্রতিবন্ধী ১০।

(১১) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্ক্সে ১০টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ১, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২।

(১২) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৪২টি (জেনাঃ ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১০, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, সি.সি.এ.এ. ৯, প্রতিবন্ধী ৩।

(১৩) অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ২১টি (তঃজাঃ ২, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৫)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪, সি.সি.এ.এ. ৪, প্রতিবন্ধী ২।

(১৪) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব রেলে ৪৬টি (জেনাঃ ২০, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ৪, ও.বি.সি. ১২, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১০, সি.সি.এ.এ. ১০, প্রতিবন্ধী ৪।

(১৫) পয়েন্টসম্যান বি পদে ট্রাফিক বিভাগে পূর্ব রেলে ৩৩৯টি (জেনাঃ ১৩৯, তঃজাঃ ৫১, তঃউঃজাঃ ২৬, ও.বি.সি. ৯০, ই.ডব্লু.এস. ৩৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬৯, সি.সি.এ.এ. ৬৯।

(১৬) ট্রাকমেন্টেনার-IV পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব রেলে ৪৩৫টি (জেনাঃ ১৭৬, তঃজাঃ ৬৫, তঃউঃজাঃ ৩২, ও.বি.সি. ১১৮, ই.ডব্লু.এস. ৪৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৮৭, সি.সি.এ.এ. ৮৭।

**(খ) দক্ষিণ-পূর্ব রেলে শূন্যপদ ১,০৪৪টি।**

(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি) পদে এস অ্যান্ড টি বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৬৪টি (জেনাঃ ২৪, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৫, ও.বি.সি. ১৬, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১২, সি.সি.এ.এ. ১২, প্রতিবন্ধী ১১।

(২) অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ) পদে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১২২টি (জেনাঃ ৫০, তঃজাঃ ১৮, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩৩, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৪, সি.সি.এ.এ. ২৪, প্রতিবন্ধী ৫।

(৩) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৮টি (জেনাঃ ৫, তঃজাঃ ১, ও.বি.সি. ১, ইডব্লু.এস.১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

(৪) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন পদে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৮৭টি (জেনাঃ ২৯, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২১, ই.ডব্লু.এস. ৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৮, সি.সি.এ.এ. ১৮, প্রতিবন্ধী ১৪।

(৫) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল) পদে মেকানিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ২২টি (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, সি.সি.এ.এ. ৫, প্রতিবন্ধী ৩।

(৬) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ২৯টি (জেনাঃ ৯, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, সি.সি.এ.এ. ৫, প্রতিবন্ধী ৯।

(৭) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৮টি (জেনাঃ ২, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১, প্রতিবন্ধী ১।

(৮) অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১টি (জেনাঃ)।

(৯) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১০টি (জেনাঃ ৩, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ইডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২।

(১০) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ২৩টি (জেনাঃ ৭, তঃজাঃ ৪, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪, ই.ডব্লু.এস. ৩)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪, সি.সি.এ.এ. ৪, প্রতিবন্ধী ৯।

(১১) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৩০টি (জেনাঃ ৯, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৮, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৫, সি.সি.এ.এ. ৫, প্রতিবন্ধী ৬।

(১২) পয়েন্টসম্যান বি পদে ট্রাফিক বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ১৫১টি (জেনাঃ ৬৫, তঃজাঃ ২৭, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩৬, ই.ডব্লু.এস. ১৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩১, সি.সি.এ.এ. ৩১।

(১৩) ট্রাকমেন্টেনার-IV পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে দক্ষিণ-পূর্ব রেলে ৪৮৯টি (জেনাঃ ১৯৪, তঃজাঃ ৮৬, তঃউঃজাঃ ৩৪, ও.বি.সি. ১২৭, ই.ডব্লু.এস. ৪৮)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯৮, সি.সি.এ.এ. ৯৮।

**(গ) পূর্ব উপকূল রেলে শূন্যপদ ৯৬৪টি।**

(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি) পদে এস অ্যান্ড টি বিভাগে পূর্ব-উপকূল রেলে ৪২টি (জেনাঃ ১৯, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৯, সি.সি.এ.এ. ৯, প্রতিবন্ধী ৯।

(২) অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ) পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৬৫টি (জেনাঃ ৩৭, তঃজাঃ ৮, তঃউঃজাঃ ৩, ও.বি.সি. ১১, ই.ডব্লু.এস. ৬)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৩, সি.সি.এ.এ. ১৩, প্রতিবন্ধী ২।

(৩) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ৮টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১, সি.সি.এ.এ. ১।

(৪) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৮৫টি (জেনাঃ ৩৩, তঃজাঃ ১২, তঃউঃজাঃ ৬, ও.বি.সি. ২২, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ১৭, সি.সি.এ.এ. ১৭, প্রতিবন্ধী ১১।

(৫) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ডিজেল) পদে মেকানিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ২২টি (জেনাঃ ১০, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৬, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪, সি.সি.এ.এ. ৪, প্রতিবন্ধী ১।

(৬) অ্যাসিস্ট্যান্ট লোকো শেড (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৯টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ২।

(৭) অ্যাসিস্ট্যান্ট অপারেশন্স (ইলেক্ট্রিক্যাল) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ৬টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. ২, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ১।

(৮) অ্যাসিস্ট্যান্ট পি. ওয়ে পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ১২টি (জেনাঃ ৪, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৩, সি.সি.এ.এ. ৩।

(৯) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. (ওয়ার্কশপ) পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ১২টি (জেনাঃ ৬, তঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ১।

(১০) অ্যাসিস্ট্যান্ট টি এল অ্যান্ড এ.সি. পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ১১টি (জেনাঃ ৪, তঃজাঃ ২, তঃউঃজাঃ ১, ও.বি.সি. ৩, ই.ডব্লু.এস. ১)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২, সি.সি.এ.এ. ২, প্রতিবন্ধী ২।

(১১) অ্যাসিস্ট্যান্ট ট্রাক মেশিন পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ১২৪টি (জেনাঃ ৪৫, তঃজাঃ ১৯, তঃউঃজাঃ ৯, ও.বি.সি. ৩৯, ই.ডব্লু.এস. ১২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ২৫, সি.সি.এ.এ. ২৫, প্রতিবন্ধী ৫।

(১২) অ্যাসিস্ট্যান্ট টি আর ডি পদে ইলেক্ট্রিক্যাল বিভাগে পূর্ব-উপকূল রেলে ১৮টি (জেনাঃ ৯, তঃজাঃ ৩, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৪)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪, সি.সি.এ.এ. ৪, প্রতিবন্ধী ৩।

(১৩) পয়েন্টসম্যান বি পদে ট্রাফিক বিভাগে পূর্ব-উপকূল রেলে ৩১১টি (জেনাঃ ১৩১, তঃজাঃ ৪৭, তঃউঃজাঃ ২২, ও.বি.সি. ৮৭, ই.ডব্লু.এস. ৩২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৬৩, সি.সি.এ.এ. ৬৩।

(১৪) ট্রাকমেন্টেনার-IV পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পূর্ব-উপকূল রেলে ২৩১টি (জেনাঃ ৯৭, তঃজাঃ ৩৩, তঃউঃজাঃ ১৭, ও.বি.সি. ৬২, ই.ডব্লু.এস. ২২)। এর মধ্যে প্রাঃসঃকঃ ৪৬, সি.সি.এ.এ. ৪৬।

**(ঘ) পশ্চিম রেলে (মুম্বই) শূন্যপদ ৪,৬৭২টি।**

(১) অ্যাসিস্ট্যান্ট (এস অ্যান্ড টি) পদে এস অ্যান্ড টি বিভাগে পশ্চিম রেলে ৪৪২টি (জেনাঃ ১৮০, তঃজাঃ ৬৯, তঃউঃজাঃ ২৯, ও.বি.সি. ১১৯, ই.ডব্লু.এস. ৪৫)।

(২) অ্যাসিস্ট্যান্ট (ওয়ার্কশপ) পদে মেকানিক্যাল বিভাগে পশ্চিম রেলে ২৯৪টি (জেনাঃ ১২৭, তঃজাঃ ৩৯, তঃউঃজাঃ ১৮, ও.বি.সি. ৭৭, ই.ডব্লু.এস. ৩৩)।

(৩) অ্যাসিস্ট্যান্ট ব্রিজ পদে ইঞ্জিনিয়ারিং বিভাগে পশ্চিম রেলে ৩০টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ২, ও.বি.সি. ৭, ই.ডব্লু.এস. ৩)।

(৪) অ্যাসিস্ট্যান্ট ক্যারেজ অ্যান্ড ওয়াগন পদে মেকানিক্যাল বিভাগে পশ্চিম রেলে ৩৯০টি (জেনাঃ ১৬২, তঃজাঃ ৫৮, তঃউঃজাঃ ২৯, ও.বি.সি. ১০৩, ই.ডব্লু.এস. ৩৮)।

